আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
আর আমি সুস্থ করে তুলি জন্মান্ধকে এবং শ্বেত কুষ্ঠ রোগীকে। আর আমি জীবিত করে দেই মৃতকে আল্লাহর হুকুমে।
সূরা আল ইমরান ৪৯

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ২৪ জুন ২০২৬ ॥ ০৮ মহররম ১৪৪৮ ॥ ১০ আষাঢ় ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ১৪ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে বিশ্বমানের সিমেন্ট
অ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত বন্ধন

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা দেশগুলোকে সহায়তার আহ্বান প্রধানমন্ত্রীর

কীর্তনখোলা ডেস্ক
জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা বাংলাদেশের মতো ডেল্টা দেশ এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির ঝুঁকিতে থাকা অন্য ২ এর পাতায় দেখুন

সংসদ অধিবেশনের চেয়ে গুরুত্বপূর্ণ কোনো রাষ্ট্রীয় কাজ নেই

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় সংসদে গুরুত্বপূর্ণ আলোচনার সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রীদের অনুপস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন বিরোধীদলীয় ২ এর পাতায় দেখুন

অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা শিক্ষা সংস্কারের প্রথম ধাপ: শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
দেশের শিক্ষাব্যবস্থাকে একটি সমন্বিত কাঠামোর আওতায় এনে 'এক ছাতার নিচে' পরিচালনার কথা বলেছেন শিক্ষামন্ত্রী ২ এর পাতায় দেখুন

জুলাই সনদ বাস্তবায়ন না করায় জামায়াতপন্থি ১৮ আইন কর্মকর্তার পদত্যাগ

কীর্তনখোলা ডেস্ক
সুপ্রিম কোর্টে রাষ্ট্রপক্ষে মামলা পরিচালনাকারী সাতজন ডেপুটি অ্যাটর্নি জেনারেল (ডিএজি) ও ১১ জন সহকারী ২ এর পাতায় দেখুন

বিএনপি'র বিক্ষোভ, পুলিশের তল্লাশি-ধরপাকড়ে উত্তপ্ত বরিশাল

কীর্তনখোলা রিপোর্ট
আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীকে কেন্দ্র করে বরিশালে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। সম্ভাব্য নাশকতা ও বিশৃঙ্খলা ঠেকাতে নগরীর গুরুত্বপূর্ণ প্রবেশপথ ও মোড়গুলোতে চেকপোস্ট বসানো হয়েছে। একই সময়ে রাজপথে শক্ত অবস্থানের জানান দিতে বিক্ষোভ মিছিল ও মোটরসাইকেল শোভাযাত্রা করেছে বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। মঙ্গলবার (২৩ জুন) সকাল থেকে বরিশাল নগরীর বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায়, গুরুত্বপূর্ণ সড়কগুলোতে পুলিশের কড়া পাহারা। সন্দেহভাজন ব্যক্তি ও যানবাহনে তল্লাশি চালানো হচ্ছে।

এছাড়া সাদা পোশাকে গোয়েন্দা নজরদারির পাশাপাশি পুলিশের একাধিক ভ্রাম্যমাণ দল (মোবাইল টিম) নগরজুড়ে টহল দিচ্ছে। বরিশাল কোতোয়ালী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল মামুন উল ইসলাম জানান, থানার আওতাধীন পাঁচটি পয়েন্টে চেকপোস্ট স্থাপন করা হয়েছে এবং প্রায় ২০টি মোবাইল টিম মাঠে কাজ করছে। তিনি বলেন, "শহরকে অস্থিতিশীল করার যেকোনো অপচেষ্টা রুখে দিতে আমরা প্রস্তুত। যাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ রয়েছে, কেবল তাদেরই আইনের আওতায় আনা হচ্ছে।" সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গত এক মাসে বিশেষ অভিযানে আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের শতাধিক নেতাকর্মীকে আটক করা হয়েছে। আটককৃতদের মধ্যে মহানগর ও জেলার বিভিন্ন পর্যায়ের পদধারী নেতারাও রয়েছেন। এদিকে আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে রাজপথে সক্রিয় রয়েছে বিএনপি। সকালে নগরীর সদর রোডে দলীয় কার্যালয়ের সামনে এবং বিভিন্ন সড়কে দলটির নেতাকর্মীদের মোটরসাইকেল মহড়া দিতে দেখা যায়। দুপুরে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক বিলকিস আক্তার জাহান শিরীনের নেতৃত্বে একটি বিক্ষোভ মিছিল বের করা ২ এর পাতায় দেখুন

জমি অধিগ্রহণ জটিলতা

থমকে আছে ঢাকা-বরিশাল চার লেন মহাসড়ক প্রকল্প

কীর্তনখোলা রিপোর্ট
পদ্মা সেতু চালুর পর দক্ষিণাঞ্চলের সড়ক যোগাযোগে বৈপ্লবিক পরিবর্তন এলেও জমি অধিগ্রহণ জটিলতায় থমকে গেছে বহুল প্রতীক্ষিত ঢাকা-বরিশাল মহাসড়ক চার লেনে উন্নীত করার মেগা প্রকল্প। ঢাকা থেকে পদ্মা সেতু হয়ে ভাঙা পর্যন্ত চোখজুড়ানো এক্সপ্রেসওয়ে থাকলেও, এরপর থেকে বরিশাল হয়ে কুয়াকাটা পর্যন্ত সড়কটি অত্যন্ত সরু ও ঝুঁকিপূর্ণ রয়ে গেছে। চাহিদার তুলনায় অর্ধেক জমিও বুঝে না পাওয়ায় শুরুই করা যাচ্ছে না প্রকল্পের মূল নির্মাণকাজ। ফলে প্রতিদিন হাজার হাজার যানবাহন চরম ঝুঁকি নিয়ে চলাচল করছে এবং অনিশ্চয়তার মুখে পড়েছে এ অঞ্চলের লাখো মানুষের স্বপ্নের এই মহাসড়ক প্রকল্প। সড়ক ও জনপথ (সওজ) বিভাগের তথ্যমতে, পদ্মা সেতু চালুর পর ভাঙা থেকে কুয়াকাটা পর্যন্ত ২০৫ কিলোমিটারের এই সরু সড়কটিতে যানবাহনের চাপ বহুগুণ বেড়েছে। বর্তমানে প্রতিদিন এই রুটে প্রায় ৩০ থেকে ৩২ হাজার যানবাহন চলাচল করছে। দুর্ঘটনা কমাতে এবং যানবাহনের নিরবচ্ছিন্ন চলাচল নিশ্চিত করতে ২০১৮ সালে ভাঙা-কুয়াকাটা মহাসড়ক চার লেনে সম্প্রসারণের উদ্যোগ নেয়া হয়। তবে জমি অধিগ্রহণ শেষ না হওয়ায় ২ এর পাতায় দেখুন

১৮ জুলাই বরিশাল বিভাগীয় সমাবেশ বাস্তবায়ন করতে ১১ দলীয় ঐক্যের প্রস্তুতি সভায় বক্তৃতা করছেন জামায়াত ইসলামীর কেন্দ্রিয় সহকারী সেক্রেটারি জেনারেল এবং বরিশাল অঞ্চল পরিচালক অ্যাড. মুয়াযযম হোসাইন হেলাল -কীর্তনখোলা

আসন্ন জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন বাস্তবায়নের লক্ষ্যে বরিশাল সিটি কর্পোরেশনের অবহিতকরণ সভায় উপস্থিত প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন বিসিসি'র জোনাল সভা

কীর্তনখোলা রিপোর্ট
শিশুদের পুষ্টি নিশ্চিতকরণ এবং ভিটামিন 'এ' ঘাটতিজনিত স্বাস্থ্যঝুঁকি প্রতিরোধে আসন্ন জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন-২০২৬ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বরিশাল সিটি কর্পোরেশনের উদ্যোগে এক জোনাল অবহিতকরণ ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৩ জুন) দুপুরে বরিশাল সিটি কর্পোরেশনের নগর ভবনের সভাকক্ষে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। সভায় উপস্থিত ছিলেন বিসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ রেজাউল বারী, সচিব রুম্পা সিকদার, প্রধান প্রকৌশলী মোঃ হুমায়ুন কবীর, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ খন্দকার মঞ্জুরুল ইমাম শুভ্রসহ স্বাস্থ্য শাখার কর্মকর্তা-কর্মচারীরা। সভায় জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনের সার্বিক প্রস্তুতি, কার্যক্রম পরিচালনার কৌশল, টিকাদান কেন্দ্রগুলোর ব্যবস্থাপনা, স্বেচ্ছাসেবকদের দায়িত্ব বণ্টন এবং জনসচেতনতা বৃদ্ধির বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা ২ এর পাতায় দেখুন

বিএম কলেজে ছাত্রদলের দুই গ্রুপের হামলা, উত্তপ্ত ক্যাম্পাস

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে হামলা-পাল্টা হামলার অভিযোগ উঠেছে। এ নিয়ে উত্তপ্ত হয়ে ওঠে পুরো ক্যাম্পাস। সোমবার (২২ জুন) সন্ধ্যার পর থেকে রাত পৌনে ১০টা পর্যন্ত বরিশাল ২ এর পাতায় দেখুন

বিভাগীয় সমাবেশ বাস্তবায়ন করতে ১১ দলীয় ঐক্যের প্রস্তুতি সভা

কীর্তনখোলা রিপোর্ট
গণভোটের গণরায় বাস্তবায়ন, জনদুর্ভোগ নিরসন, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণ, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন এবং জনগণের ন্যায্য অধিকার প্রতিষ্ঠার দাবিতে আগামী ১৮ জুলাই (শনিবার) বরিশালে ১১ দলীয় ঐক্যের বিভাগীয় সমাবেশ বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২২ জুন) রাতে বাংলাদেশ জামায়াতে ইসলামী বরিশাল মহানগরীর কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও সহকারী সেক্রেটারি জেনারেল এবং বরিশাল অঞ্চল পরিচালক অ্যাড. মুয়াযযম হোসাইন ২ এর পাতায় দেখুন

ট্রাইব্যুনালে এসআই খলিলুর

'টিপু ও কবিরকে গ্রেপ্তার করি, পরে শুনি তাঁদের ক্রসফায়ার দেওয়া হয়েছে'

কীর্তনখোলা ডেস্ক
২০১৫ সালের ২০ ফেব্রুয়ারি আগৈলঝাড়া উপজেলা ছাত্রদলের তৎকালীন যুগ্ম সাধারণ সম্পাদক টিপু হাওলাদার এবং একই উপজেলার জাতীয়তাবাদী সামাজিক-সাংস্কৃতিক সংস্থা জাসাসের সাংগঠনিক সম্পাদক কবির মোল্লাকে গ্রেপ্তার করেছিলেন বলে জবানবন্দিতে উল্লেখ করেছেন পুলিশের উপপরিদর্শক (এসআই) মো. খলিলুর রহমান। তিনি বলেন, পরে জানতে পারেন টিপু ও কবিরকে ক্রসফায়ার দেওয়া হয়েছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ মঙ্গলবার এমন জবানবন্দি দেন খলিলুর রহমান। ছাত্রদল ও জাসাসের দুই নেতাকে ক্রসফায়ার দেওয়ার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় তৃতীয় সাক্ষী হিসেবে তিনি জবানবন্দি দেন। খলিলুর রহমান ২০১৩ থেকে ২০১৬ সালের অক্টোবর মাস পর্যন্ত বরিশালে পুলিশের গোয়েন্দা শাখায় (ডিবি) কর্মরত ছিলেন। বর্তমানে তিনি বরিশালে পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) ক্রাইম সিনে এসআই হিসেবে কর্মরত। ২০১৫ সালের ২১ ফেব্রুয়ারি টিপু হাওলাদার ও কবির মোল্লা ক্রসফায়ারের শিকার হন। এ ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় চারজনকে আসামি করা হয়েছে। এর মধ্যে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

১৭ বছরে গণতান্ত্রিক প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে: চিফ হুইপ

বরগুনা প্রতিনিধি
জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি বলেছেন, "গত ১৭ বছরে দেশের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলো দুর্বল হয়ে পড়েছে এবং অর্থনীতি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এ সময়ে মানুষের মতপ্রকাশের স্বাধীনতা সংকুচিত হয়েছে, বিরোধী মত দমনে নানা ধরনের নিপীড়ন-নির্যাতন চালানো হয়েছে এবং অর্থ পাচারের কারণে দেশের অর্থনৈতিক ভিত্তিও দুর্বল হয়েছে।" মঙ্গলবার (২৩ জুন) জাতীয় প্রেস ক্লাবে এমবিএ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ আয়োজিত বাজেট-পরবর্তী এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। চিফ হুইপ বলেন, "বিগত সরকারের আমলে বিপুল পরিমাণ অর্থ বিদেশে পাচার হয়েছে, যার নেতিবাচক প্রভাব দেশের অর্থনীতি ও মুদ্রাবাজারে পড়েছে। এর ফলে ডলারের মূল্য বৃদ্ধি, উচ্চ মূল্যস্ফীতি এবং জীবনযাত্রার ব্যয় বেড়ে সাধারণ মানুষ চরম দুর্ভোগে পড়েছে।" তিনি বলেন, "গত ১৭ বছরে দেশের মানুষ নানা ধরনের নিপীড়ন ও নির্যাতনের ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

আইনের আওতায় আনা হোক

বাংলাদেশের উন্নয়নে প্রধান বাধা দুর্নীতি এটি সবাই একবাক্যে স্বীকার করে। জাতীয় ও আন্তর্জাতিক অনেক সংস্থা বাংলাদেশের লাগামহীন দুর্নীতি নিয়ে বহুভাবে সতর্ক করে আসছে। কিন্তু পরিতাপের বিষয় হচ্ছে দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার এসব না কমে উল্টো আরো ডালপালা মেলছে। ওয়াশিংটনভিত্তিক গবেষণাপ্রতিষ্ঠান গ্লোবাল ফিন্যানশিয়াল ইন্টেগ্রিটির (জিএফআই) তথ্য অনুযায়ী, বাংলাদেশ থেকে প্রতিবছর গড়ে প্রায় ৭৪ হাজার ৪৭৫ কোটি টাকা পাচার হয়ে যায়। কিন্তু দুর্নীতি প্রতিরোধে রাষ্ট্র ক্রমাগত ব্যর্থতার পরিচয় দিয়ে চলেছে। দুর্নীতিবিরোধী সংস্থাগুলোর ভূমিকাও দারুণভাবে প্রশ্নবিদ্ধ। ফলে একজন সাবেক আইজিপির বিরুদ্ধে, একজন ডিবি হারুনের বিরুদ্ধে, পুলিশের একজন অতিরিক্ত মহাপরিদর্শকের বিরুদ্ধে কিংবা ক্ষমতার কেন্দ্রে থাকা আরো অনেকের বিরুদ্ধে শত শত কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ ওঠে। আরো অবাক করা বিষয় হলো, অপকর্মের বহু অভিযোগের পরও তাঁদের অনেকেই দীর্ঘ সময় ধরে গ্রেপ্তার এড়িয়ে যাচ্ছেন। প্রকাশিত খবরে বলা হয়, অঘটনঘটনপটীয়সী হিসেবে পরিচিত পুলিশের সাবেক কর্মকর্তা ডিবি হারুনের বিরুদ্ধে অভিযোগের অন্ত নেই। জ্ঞাত আয়বহির্ভূত শত শত কোটি টাকার সম্পদ অর্জন, ক্ষমতার অপব্যবহার, চাঁদাবাজি, জমি দখল, নির্যাতন, গুম-অপহরণ, রাজনৈতিক পক্ষপাত, এমনকি নারী কেলেঙ্কারির অভিযোগও রয়েছে তাঁর বিরুদ্ধে। জানা যায়, তাঁর বিরুদ্ধে থাকা মামলার সংখ্যা ১৮৫। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের ভিত্তিতে আদালত তাঁর অনেক সম্পদ জব্দও করেছেন। তা সত্ত্বেও আজ পর্যন্ত ডিবি হারুন গ্রেপ্তার হননি। ২০২৪ সালের ৫ আগস্টের পর থেকেই তিনি পলাতক। আইনের শাসনের জন্য এটি ভালো দৃষ্টান্ত নয়। সাবেক পুলিশ মহাপরিদর্শক মুহাম্মদ নুরুল হুদা গণমাধ্যমকে বলেন, 'আইন সবার জন্য সমান। দোষী হোক কিংবা নির্দোষ, দ্রুত তদন্ত করে ব্যবস্থা নিতে হবে। অন্যথায় বাহিনীর সদস্যদের মনোবলে নেতিবাচক প্রভাব পড়বে।' বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে গ্রেপ্তার হয়েছেন। তাঁকে দেশে ফিরিয়ে আনার জন্য চলছে বহুমুখী আইনি ও কূটনৈতিক তৎপরতা। জানা গেছে, তাঁকে বিচারের মুখোমুখি দাঁড় করানোর জন্য প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুতের কাজ চূড়ান্ত করেছে দুদক। জানা যায়, বেনজীরকে ফেরত আনার অনুরোধপত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সেখান থেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে তা আরব আমিরাত সরকারের কাছে পৌঁছানো হবে। আশা করা যায়, বেনজীর আহমেদকে শিগগিরই দেশে ফিরিয়ে আনা যাবে। কিন্তু তাঁর ডান হাত বলে পরিচিত পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক গাজী মো. মোজাম্মেল হক এখনো গ্রেপ্তার হননি। তাঁর বিরুদ্ধেও জমি দখল, ক্ষমতার অপব্যবহার, জোরপূর্বক জমি লিখে নেওয়া, নদী ভরাট, অবৈধ সম্পদ অর্জন ও শত শত কোটি টাকার সম্পদের মালিক হওয়ার অভিযোগ রয়েছে। গণমাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, তিনি এখনো দেশেই আছেন এবং সদর্পে ঘুরে বেড়াচ্ছেন। ব্যক্তিবিশেষের প্রতি আইনের প্রয়োগ ভিন্ন হলে মানুষ তা থেকে ভিন্ন বার্তাই পায়। দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ অনেক পুরনো। এসব থেকে রাষ্ট্রকে মুক্ত করতে হবে। আর সে জন্য অপরাধী-নির্বিশেষে কঠোরভাবে আইনের প্রয়োগ করতে হবে। দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা গেলে তা অন্যদের সতর্ক করবে, অপরাধ থেকে নিবৃত্ত করবে। পাশাপাশি অপরাধের বিরুদ্ধে রাষ্ট্রের নজরদারি বাড়াতে হবে, যাতে শত শত কোটি টাকার দুর্নীতি করার আগেই অপরাধীকে আইনের আওতায় আনা যায়।

জুলাই সনদ বাস্তবায়ন না

অ্যাটর্নি জেনারেল (এএজি) একযোগে পদত্যাগ করেছেন। জুলাই সনদ বাস্তবায়ন না করাসহ কয়েকটি ইস্যুতে সরকারের অবস্থানের প্রতিবাদ জানিয়ে একযোগে পদত্যাগ করেন তারা। মঙ্গলবার (২৩ জুন) অ্যাটর্নি জেনারেল কার্যালয়ে পৃথক পদত্যাগপত্র জমা দেন এসব আইন কর্মকর্তা। তারা সবাই জামায়াতে ইসলামীর সমর্থক বলে জানা গেছে। পদত্যাগকারী ডেপুটি অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট এম ইউসুফ আলী এ তথ্য নিশ্চত করে জানান, জুলাই সনদ বাস্তবায়ন না করা, সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ ও সুপ্রিম কোর্টের বিচারপতি নিয়োগ অধ্যাদেশ বাতিল, মানবাধিকার কমিশন অধ্যাদেশ এবং গুম কমিশন অধ্যাদেশ পাস না করার প্রতিবাদে তারা পদত্যাগ করেন। পদত্যাগকারী ডেপুটি অ্যাটর্নি জেনারেলরা হলেন- এম ইউসুফ আলী, শফিকুর রহমান, আবদুল করিম, ফরিদ উদ্দিন খান, গোলাম রহমান ভূঁইয়া, মো. আসাদ উদ্দিন ও তারিকুল ইসলাম। এছাড়া পদত্যাগকারী সহকারী অ্যাটর্নি জেনারেলরা হলেন- ইমরুল কায়েছ রানা, হুমায়ুন কবির তানিম, আবদুল কাইয়ুম ভূঁইয়া, আবদুল্লাহিল মারুফ ফাহিম, জোয়াদুর রহমান, শামসিল আরেফিন, মাহাবুবা আক্তার রলি, নূর নবী উজ্জ্বল, আল রেজা আমির, রেজাউল ইসলাম ও জাকির হোসেন।

অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা

ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, সারা দেশে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা আয়োজন শিক্ষা সংস্কারের সেই লক্ষ্য বাস্তবায়নের প্রথম ধাপ। মঙ্গলবার (২৩ জুন) চট্টগ্রাম শিক্ষা বোর্ড এবং চট্টগ্রাম অঞ্চলের মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। চট্টগ্রাম কলেজ অডিটোরিয়ামে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষামন্ত্রী জানান, আগামী ২০ জুলাই মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হবে। পার্বত্য অঞ্চলের শিক্ষা ব্যবস্থাপনা নিয়ে কথা বলতে গিয়ে মন্ত্রী বলেন, রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ এবং কিছু ক্ষেত্রে উচ্চমাধ্যমিক পর্যায়ের নিয়োগ পার্বত্য জেলা পরিষদের মাধ্যমে পরিচালিত হয়। শিক্ষা মন্ত্রণালয়ের সরাসরি নিয়ন্ত্রণ না থাকায় এ ব্যবস্থাকে তিনি 'এক দেশের ভেতরে আরেক দেশ' বলে মন্তব্য করেন। এ প্রসঙ্গে তিনি বলেন, আমার ভাবনা, বাংলাদেশ একটি বাংলাদেশ। বাংলাদেশের ভেতরে আরেকটি বাংলাদেশ নয়। শিক্ষায় কার্যকর ভূমিকা রাখতে পারলে সবাইকে একত্রিত করা সম্ভব হবে। তবে কিছু মানুষের নেতিবাচক কর্মকাণ্ডের কারণে অনেক ভালো উদ্যোগও বাধাগ্রস্ত হয়। শিক্ষকদের বিভিন্ন সমস্যা ও পরীক্ষা কেন্দ্র-সংক্রান্ত জটিলতার বিষয়ে এহছানুল হক মিলন বলেন, প্রতি চারটি ইউনিয়নের জন্য একটি করে পৃথক পরীক্ষা কেন্দ্র স্থাপনের পরিকল্পনা রয়েছে সরকারের। এতে শিক্ষার্থীদের ভোগান্তি কমবে বলে আশা প্রকাশ করেন তিনি। মূল্যায়ন প্রক্রিয়ার স্বচ্ছতা নিশ্চিত করতে সব শিক্ষা বোর্ডের উত্তরপত্র এলোমেলোভাবে (র‌্যান্ডমলি) যাচাই করা হবে বলেও জানান শিক্ষামন্ত্রী। তার ভাষ্য, কেউ কম বা বেশি নম্বর দিচ্ছেন কি না, তা আমরা র‌্যান্ডমলি খাতা পরীক্ষা করে দেখবো। প্রশ্নফাঁস প্রসঙ্গে তিনি বলেন, অতীতে এটি দেশের শিক্ষাব্যবস্থার জন্য বড় চ্যালেঞ্জ ছিল। প্রশ্নফাঁস রোধ এবং পরীক্ষার স্বচ্ছতা নিশ্চিত করতে শিক্ষা মন্ত্রণালয় ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সমন্বিত কাজ করছে। তিনি দাবি করেন, প্রশ্নফাঁস ঠেকাতে তিনি নিজেও ছাপাখানায় গিয়ে তদারকি করেছেন।

সংসদ অধিবেশনের চেয়ে

নেতা ডা. শফিকুর রহমান। সংসদের কার্যকারিতা ও জবাবদিহি নিশ্চিত করতে তিনি প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার আহ্বান জানান। জবাবে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ মন্ত্রীসহ সংশ্লিষ্ট সবাইকে সতর্ক হওয়ার নির্দেশনা দিয়ে বলেন, রাষ্ট্রীয় কোনো কাজ সংসদ অধিবেশনের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ নয়। সংসদ অধিবেশনই সর্বোচ্চ গুরুত্ব বহন করে। ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের ১৩তম দিন মঙ্গলবার (২৩ জুন) পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে বিরোধীদলীয় নেতা বলেন, সংসদকে কার্যকর ও প্রাণবন্ত রাখতে শুরু থেকেই স্পিকার সব দলের অংশগ্রহণ নিশ্চিত করার আহ্বান জানিয়ে আসছেন। কিন্তু অনেক সময় দেখা যায়, কোনো মন্ত্রণালয় নিয়ে আলোচনা হলেও সংশ্লিষ্ট মন্ত্রী বা দায়িত্বশীল প্রতিনিধি সংসদ কক্ষে উপস্থিত থাকেন না। সংসদ সদস্যরা বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরেন। সেসব কথা সংশ্লিষ্ট মন্ত্রীদের সরাসরি শোনা প্রয়োজন। বিশেষ করে মন্ত্রিপরিষদের সদস্যরা যদি নিয়মিত উপস্থিত না থাকেন, তাহলে সংসদীয় আলোচনার কার্যকারিতা কমে যায়। এসময় বিরোধীদলীয় নেতা সংসদ কক্ষের শৃঙ্খলা নিয়েও প্রশ্ন তোলেন। তিনি বলেন, অধিবেশন চলাকালে কখনো কখনো কয়েকজন সদস্যকে ছোট ছোট দলে আলাদা আলোচনা করতে দেখা যায়। এতে সংসদের মর্যাদা ক্ষুণ্ন হওয়ার পাশাপাশি গুরুত্বপূর্ণ আলোচনা অনুসরণ করতেও অন্য সদস্যদের অসুবিধা হয়। ডা. শফিকুর রহমান আরও বলেন, একদিকে সংসদে গুরুত্বপূর্ণ আলোচনা চলছে, অন্যদিকে কয়েকজন মিলে আলাদা বৈঠকের মতো পরিবেশ তৈরি করছেন। এটি সংসদের শৃঙ্খলা ও ডিসেন্সির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। এর পরিপ্রেক্ষিতে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম বলেন, বিরোধীদলীয় নেতার উত্থাপিত বিষয়গুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাজেট অধিবেশন চলাকালে বিভিন্ন মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়ে সংসদ সদস্যরা বক্তব্য রাখেন। স্বাস্থ্য, আইনশৃঙ্খলা, স্থানীয় সরকারসহ নানান খাত নিয়ে আলোচনা হয়। এসব বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীদের উপস্থিত থেকে বক্তব্য শোনা প্রয়োজন। আমি আবারও তাগিদ দিচ্ছি, কোনো রাষ্ট্রীয় কাজ সংসদ অধিবেশনের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ নয়। সব রাষ্ট্রীয় কর্মকাণ্ডের মধ্যে সংসদ অধিবেশনই সর্বোচ্চ গুরুত্ব বহন করে। মন্ত্রীদের উচিত যথাসময়ে সংসদে উপস্থিত থাকা এবং তাদের মন্ত্রণালয়-সংশ্লিষ্ট বিষয়ে সংসদ সদস্যদের বক্তব্য মনোযোগ দিয়ে শোনা। পাশাপাশি সমস্যা সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ারও চেষ্টা করা উচিত। এর আগে সোমবার জাতীয় সংসদে চিফ হুইপ নূরুল ইসলাম মনি জানিয়েছিলেন, মন্ত্রীরা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কাজে রয়েছেন। সংসদ কক্ষের শৃঙ্খলার প্রসঙ্গ টেনে স্পিকার বলেন, তিনি মাঝেমধ্যে ছোট ছোট গ্রুপে আলোচনা এবং আসন ছেড়ে অন্যত্র গিয়ে কথাবার্তা বলতে দেখেন। এমনকি কয়েকবার 'ফ্লোর ক্রসিং'-এর ঘটনাও তার নজরে এসেছে। সংসদের ভেতরে গ্রুপভিত্তিক আলোচনা পরিহার করুন। যতটা সম্ভব নিজ নিজ আসনে বসে কার্যক্রমে অংশ নিন এবং আলোচনা মনোযোগ দিয়ে শুনুন। সংসদের শৃঙ্খলা বজায় রাখতে সবার সহযোগিতা প্রয়োজন।

জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে

দেশগুলোকে সহায়তায় আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। চীনের দালিয়ানে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) প্রেসিডেন্ট ও সিইও আলোইস জভিংগির সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। মঙ্গলবার (২৩ জুন) স্থানীয় সময় বিকেল ৫টায় দালিয়ান আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে আলোইস জভিংগি সরকারপ্রধান হিসেবে দায়িত্ব নেওয়ায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানান। এসময় প্রধানমন্ত্রী জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বিভিন্ন উদ্যোগের প্রশংসা করেন। তিনি জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা বাংলাদেশের মতো ডেল্টা দেশ এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির ঝুঁকিতে থাকা অন্য দেশগুলোর সহায়তায় ডব্লিউইএফকে সমন্বিত উদ্যোগ নেওয়ার আহ্বান জানান। প্রধানমন্ত্রী জানান, বাংলাদেশ আগামী পাঁচ বছরে ২৫০ মিলিয়ন বৃক্ষরোপণের উদ্যোগ নিয়েছে। পাশাপাশি প্রায় ২০ হাজার কিলোমিটার নদী ও খাল পুনর্খননের মাধ্যমে পানির প্রবাহ পুনরুদ্ধার, বন্যার ঝুঁকি হ্রাস এবং পরিবেশ সুরক্ষায় বিভিন্ন উদ্যোগের কথা তুলে ধরেন তিনি। এছাড়া নবায়নযোগ্য জ্বালানি উৎপাদনে উৎসাহ দিতে বাংলাদেশ সৌরবিদ্যুৎ উৎপাদনে কর সুবিধা দিয়েছে এবং ২০৩০ সালের মধ্যে মোট বিদ্যুৎ চাহিদার ২০ শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করেছে বলেও জানান প্রধানমন্ত্রী। আলোইস জভিংগি জলবায়ু পরিবর্তন মোকাবিলায় প্রধানমন্ত্রীর অভিজ্ঞতা ও উদ্যোগকে বৈশ্বিক পরিসরে কাজে লাগানোর বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। তিনি বলেন, বাংলাদেশের জলবায়ু সহনশীলতা ও টেকসই উন্নয়ন উদ্যোগ আন্তর্জাতিক অর্থায়নকারী প্রতিষ্ঠান ও বিনিয়োগকারীদের আগ্রহ সৃষ্টি করবে। আলোইস জভিংগি বাংলাদেশের পক্ষ থেকে উত্থাপিত বিষয়গুলো গুরুত্বের সঙ্গে বিবেচনার আশ্বাস দেন এবং ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতা অব্যাহত রাখার প্রতিশ্রুতি দেন। তিনি প্রধানমন্ত্রীকে সুইজারল্যান্ডের দাভোসে অনুষ্ঠিত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের বার্ষিক সম্মেলনে অংশগ্রহণের আমন্ত্রণ জানান। সাক্ষাৎকালে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী এবং প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন উপস্থিত ছিলেন।

'টিপু ও কবিরকে গ্রেপ্তার করি, পরে

সাবেক সংসদ সদস্য (এমপি) আবুল হাসানাত আবদুল্লাহ এবং বরিশালের সাবেক পুলিশ সুপার (এসপি) এ কে এম এহসানউল্লাহ পলাতক। অপর দুই আসামি বরিশালের উজিরপুর থানার সাবেক সহকারী উপপরিদর্শক (এএসআই) মো. মাহাবুল ইসলাম ও মো.জসিম উদ্দিন গ্রেপ্তার হয়ে কারাগারে আছেন। জবানবন্দিতে খলিলুর বলেন, ২০১৫ সালের ১১ ফেব্রুয়ারি বরিশালের তৎকালীন এসপি এ কে এম এহসানউল্লাহ তাঁকে ডাকেন। এসপির অফিসে যাওয়ার পর তিনি (সাক্ষী) দেখেন, সেখানে আগৈলঝাড়া থানার এসআই মো. নজরুল ইসলাম ও আগৈলঝাড়া থানার তৎকালীন ওসি মনিরুল ইসলাম উপস্থিত আছেন। তখন এসপি বলেন, আসামি কবির মোল্লা ও টিপু হাওলাদারকে গ্রেপ্তার করার জন্য এমপি আবুল হাসানাত আবদুল্লাহ নির্দেশ দিয়েছেন। এই আসামিদের যেকোনো মূল্যে ধরতে হবে। না ধরলে চাকরি থাকবে না। এসপি আরও বলেন, 'তোমরা দুজন ঢাকা ডিবি অফিসে যাবা, ডিএমপির (ঢাকা মহানগর পুলিশ) ডিসি (ডিবি) স্যারের সাথে ও ডিবির মুখপাত্র মনিরুজ্জামান স্যারের সাথে কথা হয়েছে।' জবানবন্দিতে পুলিশের এই কর্মকর্তা আরও বলেন, এসপির নির্দেশ অনুযায়ী এসআই নজরুল ইসলামকে সঙ্গে নিয়ে তিনি ঢাকা ডিবির ডিসির সঙ্গে দেখা করেন। ডিএমপির ডিবির ডিসি তৎকালীন এসি মহরমের সঙ্গে তাঁদের সংযুক্ত করে দেন। এসির নির্দেশে তাঁরা কাজ করেন। এসি মহরম বিভিন্ন তথ্যপ্রযুক্তির মাধ্যমে আসামিদের শনাক্ত করেন এবং ২০১৫ সালের ২০ ফেব্রুয়ারি রাতে আশুলিয়ার কুরগাঁও পুরাতনপাড়া থেকে কবির মোল্লাকে গ্রেপ্তার করেন তাঁরা। একই রাতে তাঁরা কেরানীগঞ্জের মধ্যেরচর থেকে টিপু হাওলাদারকে গ্রেপ্তার করেন। এই দুই আসামিকে নিয়ে ডিএমপির ডিবি কার্যালয়ে যান উল্লেখ করেন খলিলুর রহমান। তিনি বলেন, গ্রেপ্তার দুই আসামিকে নিয়ে একটি মাইক্রোবাসে করে তাঁরা বরিশালের উদ্দেশে রওনা করেন। ঢাকা-বরিশাল মহাসড়কের ভুরঘাটার একটু আগে তিনি নেমে যান। এসআই নজরুল ইসলাম আসামিদের নিয়ে বরিশালের উদ্দেশে চলে যান। পরে জানতে পারেন, গ্রেপ্তার দুই আসামিকে ক্রসফায়ার দেওয়া হয়েছে।

বিএম কলেজে ছাত্রদলের

সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে এ ঘটনা ঘটে। ছাত্রদলের একাংশের দাবি, সোমবার সন্ধ্যার দিকে নগরীর জিয়া সড়ক এলাকায় বরিশাল জেলা ছাত্রদলের সদস্য সচিব আল আমিনের ওপর হামলা করে বিএম কলেজ ছাত্রদলের একাংশের নেতা রাতুল ও তার সহযোগীরা। এ খবর জেলা ছাত্রদলের সদস্য সচিবের অনুসারীদের মধ্যে ছড়িয়ে পড়লে তারা ক্যাম্পাসের সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ করে। পরে পুলিশ ও মহানগর ছাত্রদল নেতারা গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। বরিশাল মহানগর ছাত্র দলের আহ্বায়ক এনামুল হাসান তাসনিম বলেন, ৫ আগস্টের পর রাতুল নিজেকে ছাত্রদলের বলে পরিচয় দিয়ে আসছিল। সোমবার রাতুলের নেতৃত্বে মাজহারুল ইসলাম সোহানসহ কয়েকজন মিলে জেলা ছাত্র দলের সদস্য সচিব আল আমিনের ওপর হামলা করে। তিনি বলেন, আমরা খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে দুই পক্ষকে শান্ত করি। পরবর্তীতে রাতুল তার লোকজন নিয়ে রাস্তা অবরোধের চেষ্টা করে। আমরা পুনরায় সড়ক থেকে তাদের সরিয়ে দিয়েছি। বর্তমানে ক্যাম্পাসের পরিস্থিতি শান্ত রয়েছে। অন্যদিকে বিএম কলেজ ছাত্রদলের অপর অংশের নেতা রাতুলের অভিযোগ, জেলা ও মহানগর ছাত্রদলের নেতাকর্মীরা তাদের ওপর হামলা করেছে। তার বাসায় গিয়ে মায়ের সামনে বসে হুমকি দিয়েছে জেলা ছাত্রদলের সদস্যসচিব ও মহানগর ছাত্রদলের আহ্বায়ক। এ সময় তাদের দুজনকে পিটিয়ে গুরুতর আহত করে। এ খবর ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে শিক্ষার্থীদের ক্ষোভের সৃষ্টি হয়। তারা তাৎক্ষণিকভাবে ক্যাম্পাস সংলগ্ন সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করে। পরে ক্যাম্পাসে বিক্ষোভ করলে সেখানেও জেলা ও মহানগর ছাত্রদল নেতাকর্মীরা তাদের ওপর হামলা করে। বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার (উত্তর) মোহাম্মদ ইমদাদ হুসাইন বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় বরিশাল মেট্রোপলিটন পুলিশের একাধিক টিম। তারা সেখানে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তিনি আরও বলেন, নিজের মধ্যে বিরোধের জের ধরে দুপক্ষের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

বিভাগীয় সমাবেশ বাস্তবায়ন করতে

হেলাল। সভাপতির বক্তব্যে এ্যাডভোকেট হেলাল বলেন, শুধুমাত্র সরকার পরিবর্তনের জন্য ২০২৪ এর জুলাই বিপ্লবে এত মানুষ জীবন দেয়নি। দেশের একটি মৌলিক পরিবর্তনই ছিল মুখ্য। সকল রাজনৈতিক দল ঐক্যমত্য হয়ে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় জুলাই সনদে স্বাক্ষর করেছিলো এবং সে অনুযায়ী জাতীয় নির্বাচন ও গণভোট হয়েছিল। যেভাবেই হোক বিএনপি ক্ষমতায় গিয়ে গণভোটের রায় বাস্তবায়ন না করে জনগণের সাথে দেওয়া অঙ্গীকার ভঙ্গ করেছে। এ্যাডভোকেট হেলাল আরও বলেন, দেশের জনগণ আজ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের লাগামহীন মূল্যবৃদ্ধি, আইনশৃঙ্খলার অবনতি এবং নাগরিক দুর্ভোগে অতিষ্ঠ। জনগণের ন্যায্য দাবি ও অধিকার আদায়ের আন্দোলনকে আরও বেগবান করতে ১৮ জুলাই বরিশাল বিভাগীয় সমাবেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সকল শরিক দল ও সর্বস্তরের জনগণকে ঐক্যবদ্ধভাবে এ সমাবেশে অংশগ্রহণের মাধ্যমে গণমানুষের প্রত্যাশা ও দাবির পক্ষে সোচ্চার হওয়ার আহ্বান জানাই। তিনি বলেন, ১৮ জুলাই বিভাগীয় সমাবেশকে জনসমুদ্রে পরিণত করতে ইতোমধ্যে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। বরিশাল বিভাগের বিভিন্ন জেলা ও উপজেলা থেকে নেতাকর্মী এবং সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করতে ১১ দলীয় ঐক্যের সমন্বিত কার্যক্রম পরিচালিত হচ্ছে। শান্তিপূর্ণ, সুশৃঙ্খল ও সফল সমাবেশ আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। বৈঠকে সমাবেশের সার্বিক প্রস্তুতি, আগত জনসাধারণের যাতায়াত, প্রচার-প্রচারণা, শৃঙ্খলা রক্ষা, স্বেচ্ছাসেবক ব্যবস্থাপনা, নিরাপত্তা ও অন্যান্য বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ১১ দলীয় ঐক্যের নেতৃবৃন্দ সমাবেশকে সর্বাত্মকভাবে সফল করতে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন এবং ঐক্যবদ্ধ প্রচেষ্টা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করেন। বৈঠকে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগরী আমীর মাওলানা জহির উদ্দিন মুহাম্মদ বাবর, বরিশাল জেলা জামায়াতের আমীর অধ্যক্ষ মাওলানা আব্দুল জব্বার, বরিশাল অঞ্চল জামায়াতের টিম সদস্য মাওলানা ফখরুদ্দিন খান রাজী, ঝালকাঠি জেলা জামায়াতের আমির এ্যাডভোকেট হাফিজুর রহমান, বরিশাল অঞ্চল জামায়াতের টিম সদস্য অধ্যাপক শাহ আলম, জাতীয় নাগরিক পার্টি (এনসিপির) বরিশাল জেলার আহবায়ক আবু সাঈদ মুসা, বাংলাদেশ খেলাফত যুব মজলিসের সহ-সভাপতি আব্দুল্লাহ আল মামুন, এবি পার্টির মহানগর ও জেলা সমন্বয়ক জিএম রাব্বি, জাতীয় গনতান্ত্রিক পার্টি (জাগপার) বরিশাল জেলা সভাপতি মোঃ মনির হোসেন, বাংলাদেশ লেবার পার্টি বরিশাল মহানগর সভাপতি এস.এম সোহেল মাহমুদ, বরিশাল মহানগর জামায়াতের নায়েবে আমির অধ্যাপক মাহমুদ হোসেন দুলাল, বরিশাল জেলা জামায়াতের নায়েবে আমির ড. ফাহফুজুর রহমান, বরিশাল মহানগর জামায়াতের সেক্রেটারি মাওলানা মতিউর রহমান, বরিশাল জেলা জামায়াতের নায়েবে আমির মাস্টার আব্দুল মান্নান, বরিশাল জেলা জামায়াতের সেক্রেটারি মাওলানা মাহমুদুন্নবী তালুকদার, বাংলাদেশ লেবার পার্টির বরিশাল জেলা সভাপতি মোঃ শাহাদাৎ হোসাইন, এনসিপির বরিশাল মহানগর সংগঠক ইসমত আরা ইরানী, জাতীয় নারী শক্তির মুখ্য যুগ্ম সংগঠক নাফিসা মুশতাবী, বাংলাদেশ খেলাফত যুব মজলিসের সদস্য মোঃ ইমরানসহ ১১ দলীয় ঐক্যের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ। বৈঠক থেকে আগামী ১৮ জুলাই বিভাগীয় সমাবেশে বরিশাল বিভাগের সর্বস্তরের জনগণকে ব্যাপকভাবে অংশগ্রহণের আহ্বান জানানো হয়।

থমকে আছে ঢাকা-বরিশাল

প্রকল্পের মূল নকশা, ব্যয় নির্ধারণ এবং অর্থায়নের চূড়ান্ত প্রক্রিয়া নিয়ে জটিলতায় থমকে আছে দৃশ্যমান কাজ। জানা গেছে, মহাসড়কের বরিশাল অংশে ৪৭ একর জমির চাহিদা থাকলেও, সওজ এখন পর্যন্ত অধিগ্রহণ করতে পেরেছে মাত্র ২৬ একর। এই মহাসড়কে নিয়মিত যাতায়াত করা বাস চালক সত্তার হোসেন বলেন, 'এক্সপ্রেসওয়ে পার হওয়ার পর এই সরু সড়কে ঢুকলেই বুকটা দুরুদুরু করে। গাড়ির চাপ এত বেশি যে ওভারটেক করার জায়গা পাওয়া যায় না। প্রতিনিয়ত ছোট-বড় দুর্ঘটনা ঘটছে। চার লেনের কাজ দ্রুত শেষ না হলে এই সড়কে গাড়ি চালানো অসম্ভব হয়ে পড়বে।' সড়কটির বেহাল দশা ও ধীরগতির প্রভাব পড়েছে স্থানীয় ব্যবসা-বাণিজ্যেও। রেস্তোরাঁ মালিক সমিতি বরিশাল মহানগরের সভাপতি বিশ্বজিৎ ঘোষ বিশু বলেন, 'যোগাযোগ ব্যবস্থা মসৃণ না হওয়ায় পর্যটক ও সাধারণ মানুষ ভোগান্তিতে পড়ছেন, যার সরাসরি প্রভাব পড়ছে ব্যবসা-বাণিজ্যে। মহাসড়কটি দ্রুত চার লেনে উন্নীত করা এখন সময়ের দাবি।' দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক বিকাশ স্থবির হয়ে থাকা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন রাজনৈতিক নেতৃবৃন্দ। বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমতুল্লাহ বলেন, 'বিগত সরকারের ভুল পরিকল্পনা এবং আমলাতান্ত্রিক জটিলতার কারণেই এই জনগুরুত্বপূর্ণ প্রকল্পটি ঝুলে আছে। জমি অধিগ্রহণের মতো প্রাথমিক কাজ বছরের পর বছর আটকে থাকা অত্যন্ত দুঃখজনক। এতে দক্ষিণাঞ্চলের লাখ লাখ মানুষ তাদের ন্যায্য সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে।' দি বরিশাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের পরিচালক এ্যাড এইচ এম তসলিম উদ্দিন বলেন, 'পদ্মা সেতুর সুফল আমরা পুরোপুরি পাচ্ছি না এই সরু সড়কের কারণে। সড়কটি প্রশস্ত না হওয়ায় পণ্য পরিবহনের সময় যেমন দীর্ঘ হচ্ছে, তেমনি পরিবহন খরচও অনেক বেড়ে যাচ্ছে। দক্ষিণাঞ্চলের অর্থনীতি চাঙ্গা করতে এই মহাসড়ক চার লেনে রূপান্তর করার কোনো বিকল্প নেই।' প্রকল্পের বর্তমান অবস্থা নিয়ে সড়ক ও জনপথ বিভাগ বরিশাল কার্যালয়ের নির্বাহী প্রকৌশলী মো. নাজমুল ইসলাম বলেন, 'বরিশাল অংশে ৪৭ একর জমির প্রয়োজন হলেও মাত্র ২৬ একর জমি আমরা হাতে পেয়েছি। বাকি জমি অধিগ্রহণের প্রক্রিয়া চলছে। জমি পাওয়ার সাথে সাথেই মূল নকশা ও অর্থায়নের চূড়ান্ত কাজ সম্পন্ন করে দৃশ্যমান কাজ শুরু করা সম্ভব হবে।' তবে জটিলতা কাটিয়ে দ্রুতই কাজ শুরু করার কথা জানিয়ে বরিশাল বিভাগীয় কমিশনার খলিলুর রহমান বলেন, 'আশা করছি খুব দ্রুতই জমি অধিগ্রহণের প্রক্রিয়া শেষ করে ভাঙা থেকে বরিশাল পর্যন্ত চার লেনের মূল কাজ শুরু করা সম্ভব হবে। পর্যায়ক্রমে কুয়াকাটা পর্যন্ত চার লেন সড়ক নির্মাণের কাজ হাতে নেবে সরকার।'

১৭ বছরে গণতান্ত্রিক প্রতিষ্ঠান

শিকার হয়েছে। এমন পরিস্থিতি সৃষ্টি হয়েছিল যে মানুষ স্বাধীনভাবে টেলিফোনে কথাও বলতে ভয় পেত। সামান্য সমালোচনাও সহ্য করা হতো না। এর ফলে রাষ্ট্রের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলো কার্যকারিতা হারাতে শুরু করে।" নূরুল ইসলাম মনি বলেন, "বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর অর্থনৈতিক সংকট মোকাবিলা এবং মানুষের দুর্ভোগ কমাতে কাজ করছে।" তিনি বলেন, "রাজনীতির মূল উদ্দেশ্য হওয়া উচিত মানুষের কষ্ট ও দুর্ভোগ উপলব্ধি করা। জনগণের বাস্তব সমস্যার সমাধানে কাজ করলেই প্রকৃত নেতৃত্বের পরিচয় দেওয়া সম্ভব। বিএনপি সেই লক্ষ্য নিয়েই মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে।" আলোচনায় তিনি শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এবং প্রধানমন্ত্রী তারেক রহমানের রাজনৈতিক ভূমিকারও প্রশংসা করেন। তিনি বলেন, "দেশের মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণ এবং গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠায় বিএনপি ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে।" সভায় সংগঠনের নেতা, অর্থনীতিবিদ, ব্যবসায়ী ও বিভিন্ন পেশাজীবী প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন

করা হয়। একই সঙ্গে ক্যাম্পেইনটি শতভাগ সফল করতে প্রয়োজনীয় কর্মপরিকল্পনাও গ্রহণ করা হয়। সভাপতির বক্তব্যে প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন শিশুস্বাস্থ্য সুরক্ষায় ভিটামিন 'এ' ক্যাম্পেইনের গুরুত্ব তুলে ধরে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা ও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, শিশুদের সুস্থ বিকাশ এবং অপুষ্টি প্রতিরোধে এ ধরনের জাতীয় কর্মসূচি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই প্রতিটি শিশুর কাছে এই সেবা পৌঁছে দিতে সমন্বিত উদ্যোগ প্রয়োজন। সিটি কর্পোরেশন সূত্রে জানা গেছে, ক্যাম্পেইনের আওতায় নির্ধারিত বয়সী শিশুদের বিনামূল্যে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। এ কার্যক্রম বাস্তবায়নে নগরীর বিভিন্ন ওয়ার্ডে বিশেষ কেন্দ্র স্থাপন করা হবে এবং ব্যাপক প্রচার-প্রচারণা চালানো হবে। উল্লেখ্য, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও জাতীয় পুষ্টি সেবা, স্বাস্থ্য অধিদপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বাস্তবায়নে এ কর্মসূচি পরিচালিত হচ্ছে। এতে সহযোগিতা করছে ইউনিসেফ (UNICEF) ও নিউট্রিশন ইন্টারন্যাশনাল। শিশুদের পুষ্টি ও স্বাস্থ্য সুরক্ষায় জাতীয় এ কর্মসূচিকে সফল করতে বরিশাল সিটি কর্পোরেশন সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছে।

বিএনপি'র বিক্ষোভ, পুলিশের

হয়। মিছিলটি নগরীর প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে। মিছিল শেষে নেতৃবৃন্দ বলেন, নিষিদ্ধ সংগঠনের যেকোনো ধরনের নাশকতা প্রতিহত করতে তারা রাজপথে সজাগ রয়েছেন। পরে মহানগর যুবদলের পক্ষ থেকেও নগরীতে পৃথক বিক্ষোভ মিছিল বের করা হয়। এছাড়া নগরীতে মহানগর বিএনপি'র আহ্বায়ক মনিরুজ্জামান খান ফারুক ও সদস্য সচিব জিয়া উদ্দিন সিকদারের নেতৃত্বে মিছিল বের করা হয়। এর আগে সোমবার রাত থেকেই ছাত্রদলের নেতাকর্মীদের নগরীর গুরুত্বপূর্ণ মোড়গুলোতে মোটরসাইকেল নিয়ে অবস্থান নিতে দেখা গেছে। পুলিশের কঠোর নিরাপত্তা এবং বিএনপির তৎপরতার কারণে মঙ্গলবার দিনভর বরিশাল নগরজুড়ে ছিল বাড়তি সতর্কতা ও টানটান উত্তেজনা।

এক অর্থবছরে রেকর্ড ৩০.৩২ বিলিয়ন ডলার রেমিট্যান্স পেয়েছে বাংলাদেশ

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ ২০২৪-২৫ অর্থবছরে রেকর্ড ৩০.৩২ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স বা প্রবাসী আয় অর্জন করেছে। দেশের অর্থনীতি সচল রাখতে এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভ শক্তিশালী করতে প্রবাসী বাংলাদেশিদের এই অসামান্য অবদান আবারও প্রমাণিত হলো। মঙ্গলবার (২৩ জুন) জাতীয় সংসদের ত্রয়োদশ সংসদের দ্বিতীয় অধিবেশনের চতুর্দশ বৈঠকে সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য সেলিনা সুলতানার এক প্রশ্নের জবাবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী এ তথ্য জানান। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে এই প্রশ্নোত্তর পর্বটি টেবিলে উপস্থাপিত হয়। সংসদে উপস্থাপিত তথ্য অনুযায়ী, একক দেশ হিসেবে বাংলাদেশ সবচেয়ে বেশি রেমিট্যান্স পেয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র থেকে। বিদায়ী অর্থবছরে যুক্তরাষ্ট্রের প্রবাসী বাংলাদেশিরা ৪.৭৩ বিলিয়ন ডলার পাঠিয়েছেন, যা দেশের মোট রেমিট্যান্সের প্রায় ১৫.৬ শতাংশ। রেমিট্যান্স আহরণে দ্বিতীয় অবস্থানে রয়েছে সৌদি আরব। মধ্যপ্রাচ্যের এই দেশ থেকে এসেছে ৪.২৬ বিলিয়ন ডলার। এর ঠিক পরপরই তৃতীয় অবস্থানে থাকা সংযুক্ত আরব আমিরাত (ইউএই) থেকে এসেছে ৪.১৭ বিলিয়ন ডলার। এই শীর্ষ তিন দেশ সম্মিলিতভাবে ১৩.১৬ বিলিয়ন ডলারের বেশি রেমিট্যান্স পাঠিয়েছে, যা মোট প্রবাসী আয়ের প্রায় ৪৩.৪ শতাংশ। তালিকায় চতুর্থ স্থানে রয়েছে যুক্তরাজ্য, যেখান থেকে প্রবাসীরা পাঠিয়েছেন ৩.১৭ বিলিয়ন ডলার। এর পরের অবস্থানে থাকা মালয়েশিয়া থেকে এসেছে ২.৮০ বিলিয়ন ডলার। মন্ত্রীর দেওয়া এই পরিসংখ্যান দেশের অর্থনীতিতে উপসাগরীয় অঞ্চলের শ্রমবাজারের একচ্ছত্র আধিপত্যকে আবারও সামনে এনেছে। সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, ওমান, কুয়েত, কাতার এবং বাহরাইনড়এই ছয়টি দেশ থেকে সম্মিলিতভাবে প্রায় ১৩.৬৬ বিলিয়ন ডলার এসেছে, যা মোট রেমিট্যান্স প্রবাহের প্রায় ৪৫ শতাংশ। এদিকে ইউরোপের দেশগুলোর মধ্যেও রেমিট্যান্সের গতি বেশ ভালো ছিল। এর মধ্যে শীর্ষ অবস্থানে রয়েছে ইতালি, যেখান থেকে এসেছে ১.৬৫ বিলিয়ন ডলার। ইউরোপীয় অঞ্চলের অন্যান্য দেশের মধ্যে ফ্রান্স থেকে ৩৩৫.৫৯ মিলিয়ন ডলার এবং গ্রিস থেকে ১৮৫.২১ মিলিয়ন ডলার এসেছে। এ ছাড়া জার্মানি থেকে ১৮০.৬২ মিলিয়ন ও পর্তুগাল থেকে এসেছে ১০২.৪৩ মিলিয়ন ডলার। প্রচলিত শ্রমবাজারের বাইরে অন্য দেশগুলো থেকেও উল্লেখযোগ্য পরিমাণে রেমিট্যান্স এসেছে। দক্ষিণ কোরিয়া থেকে ২২৭.০৪ মিলিয়ন ডলার, কানাডা থেকে ২২৩.৯৮ মিলিয়ন ডলার, অস্ট্রেলিয়া থেকে ১৭৭.০৯ মিলিয়ন ডলার এবং জর্ডান থেকে ১৬৮.১৭ মিলিয়ন ডলার পাঠিয়েছেন প্রবাসীরা। এর পাশাপাশি দক্ষিণ আফ্রিকা থেকে ৪০২.৯১ মিলিয়ন ডলার, মালদ্বীপ থেকে ১৪১.০৯ মিলিয়ন ডলার, মরিশাস থেকে ১৪৩.৭১ মিলিয়ন ডলার, জাপান থেকে ১০৫.৯৪ মিলিয়ন ডলার এবং ব্রুনাই দারুসসালাম থেকে ৮৭.৩৮ মিলিয়ন ডলার রেমিট্যান্স দেশে এসেছে।

হামের প্রাদুর্ভাব: উপসর্গে প্রাণ গেল আরও ৩ জনের, মোট মৃত্যু ৬৮৬

কীর্তনখোলা ডেস্ক

দেশে হামের উপসর্গে নতুন করে আরও তিনজন মারা গেছে। মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়, সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত সময়ের হিসাব দেওয়া হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন অনুযায়ী, এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গে মারা গেছে ৫৯৩ জন। নিশ্চিত হামে মৃত্যু হয়েছে ৯৩ জনের। সব মিলিয়ে মৃত্যুর সংখ্যা ৬৮৬। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন বলছে, সর্বশেষ ২৪ ঘণ্টায় সারা দেশে আরও ১ হাজার ৯ জনের শরীরে হামের উপসর্গ দেখা গেছে। গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ দেখা দেওয়া রোগীর সংখ্যা ৯৪ হাজার ৭৬৪। গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামের রোগী শনাক্ত হয়েছে ১২৬ জন। গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত দেশে মোট ১১ হাজার ২৯৭ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে। গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ৭৮ হাজার ৭১৬ জন। এর মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে ৭৪ হাজার ৯৭১ জন। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন বলছে, সর্বশেষ ২৪ ঘণ্টায় হামের উপসর্গে ঢাকা, সিলেট ও ময়মনসিংহ বিভাগে একজন করে মারা গেছে।

পলিথিনে মোড়ানো

নবজাতকটিকে কে বা কারা সেখানে ফেলে গেছে, তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। তবে এমন মর্মান্তিক ঘটনায় স্থানীয়দের মধ্যে নানা প্রশ্নের জন্ম দিয়েছে। অনেকেই এ ধরনের অমানবিক ঘটনার তীব্র নিন্দা জানিয়ে দায়ীদের দ্রুত শনাক্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন। স্থানীয়দের ভাষ্য, একজন মায়ের পক্ষে নিজের সন্তানকে এভাবে পরিত্যাগ করা অত্যন্ত হৃদয়বিদারক ও বেদনাদায়ক। তারা বিষয়টির সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা উদঘাটনের আহ্বান জানিয়েছেন। নবজাতকটিকে সেখানে ফেলে যাওয়ার কারণ এবং এ ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিদের শনাক্ত করতে আইনশৃঙ্খলা বাহিনী কাজ করছে। তদন্তের মাধ্যমে বিস্তারিত তথ্য উদঘাটনের চেষ্টা চলছে। এ বিষয়ে গলাচিপা থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. ইমতিয়াজ আহমেদ জানান, বাদুরা এলাকায় একটি নবজাতকের মরদেহ উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং ময়নাতদন্তের জন্য মরদেহটি পাঠানো হয়েছে।

কাউখালীর দুই সরকারি বিদ্যালয়ে তীব্র

বিদ্যালয়ে প্রায় ৫০০ ছাত্রী থাকলেও শিক্ষক রয়েছেন মাত্র ৭ জন। শুধু তাই নয়, দুটি বিদ্যালয়েই দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য থাকায় প্রশাসনিক ও একাডেমিক চেইন অব কমান্ড ভেঙে পড়েছে। ইংরেজি, গণিত, ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞানের মতো গুরুত্বপূর্ণ বিষয়ের শিক্ষক না থাকায় শিক্ষার্থীরা মানসম্মত শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। সীমিত সংখ্যক শিক্ষক দিয়ে কোনো রকমে জোড়াতালি দিয়ে শ্রেণি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে, যা শিক্ষার গুণগত মানকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করছে। শিক্ষক সংকটের কারণে সন্তানদের ভবিষ্যৎ নিয়ে চরম দুশ্চিন্তায় থাকায় অভিভাবক মানববন্ধনে তাদের ক্ষোভ ও অসহায়ত্বের কথা তুলে ধরেন। ছাত্র অভিভাবক এনামুল হক বলেন, আমরা অনেক আশা নিয়ে আমাদের সন্তানদের এই ঐতিহ্যবাহী সরকারি স্কুলে ভর্তি করিয়েছিলাম। কিন্তু এখানে এসে দেখছি পুরো উল্টো চিত্র। ইংরেজি আর গণিতের মতো গুরুত্বপূর্ণ বিষয়ে যদি শিক্ষক না থাকে, তবে বাচ্চারা কী শিখবে? শিক্ষকরা মাত্র ৪ জন মিলে শত শত ছাত্রকে কীভাবে সামলাবেন? আমরা অবিলম্বে প্রতিটি বিষয়ে স্থায়ী শিক্ষক নিয়োগের দাবি জানাচ্ছি, তা না হলে আমাদের সন্তানদের ভবিষ্যৎ অন্ধকার। সচেতন নাগরিক রফিকুল ইসলাম ও রাকিব তালুকদার বলেন, সরকারি স্কুলে যদি শিক্ষকের এই দশা হয়, তবে আমরা যাবো কোথায়? বছরের পর বছর প্রধান শিক্ষকের পদ ফাঁকা, বিষয়ভিত্তিক কোনো শিক্ষক নেই। একটা ক্লাস হলে পরের তিনটে ক্লাস ফাঁকা থাকে। শিক্ষার্থীরা স্কুলে গিয়ে শুধু শুধু সময় নষ্ট করে বাড়ি ফিরে আসছে। এভাবে চলতে থাকলে এই অঞ্চলের শিক্ষার হার এবং মান দুই-ই তলানিতে ঠেকবে। অনতিবিলম্বে এখানে পর্যাপ্ত শিক্ষক পদায়ন করতে হবে। কাউখালী কেজি ইউনিয়ন সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বিজন হালদার শিক্ষক সংকটের সত্যতা স্বীকার করে বলেন, দীর্ঘদিন ধরে শিক্ষক সংকটের কারণে বিদ্যালয়ের স্বাভাবিক পাঠদান কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। বিশেষ করে বিষয়ভিত্তিক শিক্ষক না থাকায় শিক্ষার্থীদের কাঙ্ক্ষিত শিক্ষা নিশ্চিত করা আমাদের পক্ষে সম্ভব হচ্ছে না। আমরা আপ্রাণ চেষ্টা করছি, কিন্তু সীমিত জনবল দিয়ে এত শিক্ষার্থী সামলানো অসম্ভব। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্রুত ও কার্যকর হস্তক্ষেপ এখন সময়ের দাবি। এ বিষয়ে যোগাযোগ করা হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরিশাল অঞ্চলের উপ-পরিচালক মোঃ জাহাঙ্গীর হোসেন বলেন, কাউখালীর দুটি সরকারি উচ্চ বিদ্যালয়ে শিক্ষক সংকটের বিষয়টি আমাদের সম্পূর্ণ জানা আছে। শূন্য পদের হালনাগাদ তথ্য ইতিমধ্যেই ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানানো হয়েছে। শিক্ষক পদায়ন ও দ্রুত বদলির মাধ্যমে এই সংকট নিরসনের প্রক্রিয়া চলছে। আশা করছি, খুব দ্রুত সময়ের মধ্যে শিক্ষার্থীরা এর সুফল পাবে এবং সমস্যার সমাধান হবে। মানববন্ধনে অন্যান্যের মধ্যে আরও বক্তব্য দেন সচেতন নাগরিক রফিকুল ইসলাম, রাকিব তালুকদার, জাহিদুর রহমান ফিরোজ, প্রাক্তন শিক্ষার্থী নাঈম হোসেন এবং শিক্ষার্থী সুমন কর্মকারসহ অনেকে।

পাঁচ বছরেও চালু হয়নি

স্থাপনা অবৈধ দখল ও ব্যক্তিগতভাবে ভাড়া দেওয়ার অভিযোগও উঠেছে। ফলে সরকারি সম্পদের অপচয়ের পাশাপাশি সম্ভাব্য রাজস্ব আয় থেকেও বঞ্চিত হচ্ছে পৌর কর্তৃপক্ষ। পৌরসভা সূত্রে জানা গেছে, সিটিইআইপি (CTEIP) প্রকল্পের আওতায় ২০১৭-১৮ অর্থবছরে আমতলী পৌরসভায় একাধিক বাণিজ্যিক অবকাঠামো নির্মাণ করা হয়। এর মধ্যে ৪ নম্বর ওয়ার্ডের পুরান বাজার এলাকায় ২ কোটি ৫৮ লাখ টাকা ব্যয়ে দ্বিতল বহুমুখী পৌর মার্কেট, ৭ নম্বর ওয়ার্ডের পৌর বাসস্ট্যান্ড এলাকায় ২ কোটি ৪২ লাখ টাকা ব্যয়ে দ্বিতল পৌর সুপার মার্কেট কমপ্লেক্স এবং ৮ নম্বর ওয়ার্ডের কেন্দ্রীয় পশুর হাট এলাকায় ২ কোটি ৪৭ লাখ ১৫ হাজার টাকা ব্যয়ে ২৬টি স্টল নির্মাণ করা হয়। এছাড়া ৩ নম্বর ওয়ার্ডের পৌর বাসস্ট্যান্ড এলাকায় আরও ১৪টি স্টল নির্মাণ করা হয়েছে। সব মিলিয়ে এসব স্থাপনায় ব্যয় হয়েছে প্রায় সাড়ে সাত কোটি টাকার বেশি। তবে নির্মাণ শেষ হওয়ার কয়েক বছর পার হলেও অধিকাংশ স্থাপনা এখনো ব্যবহারহীন। সরেজমিনে দেখা গেছে, পুরান বাজারের পৌর মার্কেটের অধিকাংশ দোকানে তালা ঝুলছে। পৌর বাসস্ট্যান্ড এলাকার সুপার মার্কেট কমপ্লেক্স কার্যত পরিত্যক্ত অবস্থায় রয়েছে। কেন্দ্রীয় পশুর হাট এলাকার বেশিরভাগ স্টলও খালি পড়ে আছে। কয়েকটি স্টলে অনানুষ্ঠানিকভাবে ব্যবসা পরিচালিত হলেও সেগুলোর বিপরীতে পৌরসভার রাজস্ব আদায়ের কোনো তথ্য পাওয়া যায়নি। স্থানীয় ব্যবসায়ীদের অভিযোগ, দীর্ঘদিন ধরে দোকান ও স্টল বরাদ্দের দাবি জানানো হলেও পৌরসভা কোনো উন্মুক্ত নিলাম বা স্বচ্ছ বরাদ্দ প্রক্রিয়া গ্রহণ করেনি। ফলে প্রকৃত ব্যবসায়ীরা সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। একই সঙ্গে অব্যবহৃত অবস্থায় পড়ে থাকায় সরকারি অর্থে নির্মিত অবকাঠামোগুলোও ধীরে ধীরে নষ্ট হওয়ার ঝুঁকিতে পড়ছে। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন ব্যবসায়ী জানান, পৌরসভার গুরুত্বপূর্ণ এসব স্থাপনা বছরের পর বছর অচল থাকলেও এগুলো চালুর কার্যকর উদ্যোগ দেখা যায়নি। কোথাও কোথাও অবৈধভাবে দখল করে দোকান ব্যবহার এবং ব্যক্তিগতভাবে ভাড়া আদায়ের অভিযোগও রয়েছে। তাদের দাবি, বিষয়টি তদন্ত করে দ্রুত ব্যবস্থা নেওয়া প্রয়োজন। স্থানীয়দের প্রশ্ন, কোটি কোটি টাকা ব্যয়ে নির্মিত এসব অবকাঠামো যদি বছরের পর বছর ব্যবহারহীন পড়ে থাকে, তাহলে নির্মাণের মূল উদ্দেশ্য কতটা বাস্তবায়িত হয়েছে? তাদের মতে, শুধু অবকাঠামো নির্মাণ নয়, জনস্বার্থে তার কার্যকর ব্যবহার নিশ্চিত করাও সমান গুরুত্বপূর্ণ। এ বিষয়ে আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পৌর প্রশাসক মুহাম্মাদ জাফর আরিফ চৌধুরী বলেন, "পৌরসভার মার্কেট ও স্টলগুলো দীর্ঘদিন বরাদ্দহীন থাকার বিষয়টি আমাদের নজরে এসেছে। সরকারি বিধি-বিধান অনুসরণ করে স্বচ্ছ ও উন্মুক্ত প্রক্রিয়ায় এগুলো বরাদ্দ দেওয়ার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হচ্ছে। কোথাও অনিয়ম, অবৈধ দখল বা ব্যক্তিগতভাবে ভাড়া আদায়ের অভিযোগের সত্যতা পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।" তিনি আরও বলেন, "পৌরসভার সম্পদ ব্যবহারের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি করা প্রয়োজন। দীর্ঘদিন অব্যবহৃত থাকা স্থাপনাগুলো দ্রুত কার্যকর করার জন্য আমরা কাজ করছি।" স্থানীয়দের দাবি, কোটি কোটি টাকা ব্যয়ে নির্মিত পৌর মার্কেট ও স্টলগুলো দ্রুত বরাদ্দ দিয়ে ব্যবহার উপযোগী করা হোক। একই সঙ্গে অনিয়ম ও অব্যবস্থাপনার বিষয়গুলো তদন্ত করে দায়ীদের জবাবদিহির আওতায় আনারও দাবি জানিয়েছেন তারা। রকারি অর্থে নির্মিত এসব স্থাপনা দীর্ঘদিন অচল থাকায় স্থানীয়দের মধ্যে প্রশ্ন উঠেছেড়কোটি টাকার অবকাঠামো নির্মাণের পরও কেন বছরের পর বছর সেগুলো জনস্বার্থে ব্যবহার নিশ্চিত করা যাচ্ছে না। দ্রুত কার্যকর পদক্ষেপ না নিলে সরকারি বিনিয়োগের সুফল থেকে বঞ্চিত হবে পৌরবাসী, আর রাজস্ব হারাতে থাকবে আমতলী পৌরসভা।

বন্ধুর বিয়েতে এসে প্রাণ

কর্মসূত্রে কুয়েতে অবস্থান করতেন। স্থানীয় সূত্রে জানা গেছে, খাঞ্জাপুর গ্রামের খলিল হাওলাদারের ছেলে ও সোহেলের বাল্যবন্ধু ফয়সাল হাওলাদারের বিয়ে গত ১৯ জুন অনুষ্ঠিত হয়। বন্ধুর বিয়ের অনুষ্ঠানে অংশ নিতে প্রায় ১০ দিন আগে কুয়েত থেকে দেশে ফেরেন সোহেল। নিহতের স্বজন পান্নু মৃধা বলেন, মঙ্গলবার দুপুরে সোহেল তার মোটরসাইকেলটি পার্কিং করে মহাসড়কের পাশে দাঁড়িয়ে ছিলেন। এ সময় বরিশাল থেকে ঢাকাগামী তাজবি পরিবহনের বাস তাকে ধাক্কা দেয়। দুর্ঘটনার পর বাসটি ঘটনাস্থল থেকে পালিয়ে যায়। এতে সোহেল গুরুতর আহত হয়ে ঘটনাস্থলেই মারা যান। দুর্ঘটনার খবর ছড়িয়ে পড়লে এলাকায় শোকের ছায়া নেমে আসে। স্বজন ও স্থানীয়দের মধ্যে নেমে আসে গভীর শোক। পারিবারিক সূত্রে জানা গেছে, প্রায় দেড় বছর আগে ছুটিতে দেশে এসে সোহেল বিয়ে করেছিলেন। তার অকাল মৃত্যুতে পরিবারটি শোকাচ্ছন্ন হয়ে পড়েছে। গৌরনদী হাইওয়ে থানার ওসি মোহাম্মদ মোহসিন বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। মহাসড়কের গোপালপুর এলাকা থেকে ঘাতক তাজবি পরিবহনটি জব্দ করেছে পুলিশ। এ ঘটনায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

সাগর থেকে খালি ফিরছে

নিষেধাজ্ঞা শেষে জেলেরা ভালো মাছ পাওয়ার আশায় সাগরে পাড়ি জমিয়েছিলেন। তাদের প্রত্যাশা ছিল, দীর্ঘ বিরতিতে মাছের প্রজনন ও বৃদ্ধি ঘটবে, ফলে সাগরে ইলিশ ও অন্যান্য সামুদ্রিক মাছের প্রাচুর্য দেখা যাবে। কিন্তু বাস্তবে সেই প্রত্যাশা পূরণ হয়নি। জেলেদের ভাষ্য, একটি বড় ট্রলার নিয়ে গভীর সাগরে মাছ ধরতে গেলে সাধারণত ১০ থেকে ১৫ দিন অবস্থান করতে হয়। প্রতিটি ট্রলারে ২০ থেকে ২৫ জন মাঝিমাল্লা থাকেন। খাদ্য, বিশুদ্ধ পানি, বরফ, জ্বালানি তেল ও অন্যান্য রসদ বাবদ প্রতিটি ট্রিপে ব্যয় হয় প্রায় ৩ থেকে সাড়ে ৩ লাখ টাকা। একটি ট্রিপ লাভজনক করতে অন্তত ১০ থেকে ১২ লাখ টাকার মাছ বিক্রি প্রয়োজন হলেও ৫৮ দিনের নিষেধাজ্ঞার পরে অনেক ট্রলারই খরচের টাকাও তুলতে পারেনি। বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম মৎস্য অবতরণ কেন্দ্র পাথরঘাটা (বিএফডিসি) ঘাটে গিয়ে দেখা যায়, ট্রলার ভিড়লেও নেই চিরচেনা কর্মচাঞ্চল্য। মাছ নামানোর ব্যস্ততা, আড়তদারদের হাঁকডাক এবং শ্রমিকদের কর্মব্যস্ততা অনেকটাই কমে গেছে। অধিকাংশ ট্রলারই ফিরছে হতাশা নিয়ে। পাথরঘাটা খুচরা মাছ বাজারেও দেখা গেছে, সরবরাহ কমে যাওয়ায় ইলিশসহ বিভিন্ন সামুদ্রিক মাছের দাম বেড়েছে দ্বিগুণ। এতে সাধারণ ক্রেতাদের নাগালের বাইরে চলে গেছে অনেক মাছ ? এফবি মায়ের দোয়া ট্রলারের মালিক মো. আনোয়ার হোসেন বলেন, ৫৮ দিনের নিষেধাজ্ঞার পর বড় আশা নিয়ে সাগরে গিয়েছিলাম। মাছ শিকারের জন্য ১২ দিন সাগরে অবস্থান করেও কাঙ্ক্ষিত মাছ পাইনি। বাধ্য হয়ে প্রায় খালি হাতেই ফিরে এসেছি। যে ট্রিপে আগে ১০ থেকে ১২ লাখ টাকার মাছ বিক্রি করতাম, এবার সেখানে খরচের টাকাও ওঠেনি। এফবি সিফাত ট্রলারের মালিক মো. মুজিবুর রহমান বলেন, নিষেধাজ্ঞার পর আশা ছিল সাগরে প্রচুর মাছ পাওয়া যাবে। কিন্তু বাস্তবে স্বাভাবিক সময়ের চেয়েও কম মাছ মিলছে। বরগুনা জেলা ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, সরকারের নিষেধাজ্ঞা মেনে জেলেরা দীর্ঘ সময় কর্মহীন ছিলেন। অনেকেই ঋণগ্রস্ত হয়েছেন। আশা ছিল নিষেধাজ্ঞা শেষে জেলেরা ভালো মাছ পাবেন। কিন্তু বাস্তবতা ভিন্ন। এখন ইলিশের ভরা মৌসুম, অথচ সাগরে মাছের দেখা মিলছে না। পাথরঘাটা উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মো. হাসিবুল হক বলেন, 'জেলেরা প্রত্যাশার তুলনায় কম মাছ পাচ্ছেন বলে জানতে পেরেছি। আমরাও আশা করেছিলাম নিষেধাজ্ঞার পর প্রচুর মাছ পাওয়া যাবে। তবে এটি সাময়িক পরিস্থিতি হতে পারে। আগামী কয়েক দিনের মধ্যে সাগরে ইলিশসহ অন্যান্য সামুদ্রিক মাছ ধরা পড়ার পরিমাণ বাড়বে বলে আশা করছি।' পাথরঘাটা মৎস্য অবতরণ কেন্দ্রের ম্যানেজার লেফটেন্যান্ট কমান্ডার জি এম মাসুদ শিকদার বলেন, গত অর্থবছরের যে পরিমাণ মাছ অবতরণ কেন্দ্রে এসেছে তার তুলনায় এ বছর মাছ অনেক কম। সাগর শান্ত হলে মাছ ধরার পরিমাণ বাড়বে বলে আশা করছি।

হরমুজ প্রণালি তেহরানই

রয়টার্সের। সুইজারল্যান্ডে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধ অবসান নিয়ে অনুষ্ঠিত আলোচনা শেষে তিনি এ মন্তব্য করেন। পাকিস্তান ও কাতারের মধ্যস্থতায় এই আলোচনা অনুষ্ঠিত হয়। গালিবাফ বলেন, হরমুজ প্রণালি, লেবানন পরিস্থিতি, ইরানের তেলের ওপর নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং বিদেশে জব্দ থাকা ইরানের সম্পদ অবমুক্তির বিষয়ে আলোচনায় ইতিবাচক অগ্রগতি হয়েছে। তিনি আরও বলেন, সামরিক সাফল্যকে স্থায়ী ও কার্যকর করতে কূটনীতি অপরিহার্য। যুদ্ধক্ষেত্রে অর্জিত সাফল্য রাজনৈতিক ও আইনগত স্বীকৃতি না পেলে তার পূর্ণ সুফল পাওয়া যায় না। গালিবাফ বলেন, আলোচনা ও দরকষাকষিও সংগ্রামের একটি অংশ। তাই সামরিক ও কূটনৈতিক কর্মকাণ্ডকে পরস্পরের বিরোধী হিসেবে দেখার সুযোগ নেই। তিনি দাবি করেন, সুইজারল্যান্ডের এই বৈঠক থেকে ইরান গুরুত্বপূর্ণ কিছু অর্জন করেছে এবং ভবিষ্যতে তার প্রভাব আঞ্চলিক রাজনীতিতেও পড়বে।

তারেক রহমানের সফরের মধ্যেই চীনের

দিল্লিতে অনুষ্ঠিত ব্রিকস (BRICS) জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের বৈঠকের ফাঁকে এই আলোচনা অনুষ্ঠিত হয়। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ব্রিকস জোটের বর্তমান চেয়ারম্যান হিসেবে ভারত ২৩ ও ২৪ জুন (সোমবার ও মঙ্গলবার) দিল্লিতে ব্রিকসভুক্ত দেশগুলোর জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের বৈঠকের আয়োজন করেছে। এই বৈঠকের সাইডলাইনে ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল ও চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ইয়ের মধ্যে দ্বিপক্ষীয় আলোচনা অনুষ্ঠিত হয়। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় বৈঠকটিকে 'গঠনমূলক এবং ভবিষ্যতমুখী' বলে বর্ণনা করেছে। মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়, দুই নেতা সাম্প্রতিক দ্বিপক্ষীয় সম্পর্কের বিভিন্ন অগ্রগতি নিয়ে আলোচনা করেছেন ও উভয় পক্ষই সম্পর্ক ধীরে ধীরে স্বাভাবিক হওয়ার পথে এগোচ্ছে বলে মত প্রকাশ করেছেন। ভারত ও চীনের সম্পর্ক ২০২৪ সালে উন্নতির দিকে যেতে শুরু করে। এর আগে ২০২০ সালের সীমান্ত সংঘর্ষকে কেন্দ্র করে দুই প্রতিবেশী দেশের মধ্যে দীর্ঘ কয়েক বছর ধরে উত্তেজনা ও অচলাবস্থা বিরাজ করেছিল। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রকাশিত বিবরণ অনুযায়ী, বৈঠকে ওয়াং ই বলেন, আমাদের একে অন্যের মৌলিক স্বার্থকে সম্মান করতে হবে ও সংবেদনশীল বিষয়গুলো যথাযথভাবে পরিচালনা করতে হবে। তিনি ভারত ও চীনের মধ্যে বিভিন্ন দ্বিপক্ষীয় সংলাপব্যবস্থা পুনরায় চালুর আহ্বান জানান। একই সঙ্গে বাণিজ্য, অর্থনীতি, আইন প্রয়োগকারী সংস্থার সহযোগিতা ও গণমাধ্যম খাতে পারস্পরিক বিনিময় বাড়ানোর ওপরও গুরুত্বারোপ করেন ওয়াং ই। চীনা কূটনীতিক আরও বলেন, ব্রিকস ব্যবস্থার উচিত বহুমেরুকেন্দ্রিক বিশ্বব্যবস্থা গড়ে তোলার প্রক্রিয়াকে সক্রিয়ভাবে এগিয়ে নেওয়া। বর্তমানে ব্রিকস জোটে প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে রয়েছে ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকা। পাশাপাশি সাম্প্রতিক বছরগুলোতে আরও কয়েকটি দেশ এই জোটে যোগ দিয়েছে।

নলছিটিতে আ.লীগের অর্থদাতা

আমলী আদালত, ঝালকাঠি সোপর্দ করা হয়। গ্রেফতারকৃতরা হলেন, তিমিরকাঠী এলাকার রুস্তম আলী হাওলাদারের ছেলে মোঃ মামুন হাওলাদার (মামুন মেকার) (৪২) এবং বরিশাল নগরীর গ্যাসটারবাইন এলাকার গোলাম মোস্তফা হাওলাদারের ছেলে মোঃ সোহাগ হাওলাদার (৩৮)। পুলিশ সূত্রে জানা যায়, নলছিটি থানার মামলা নং-০৮, জিআর-১০০/২০২৬, তারিখ ৯ জুন ২০২৬, সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯-এর ৭/৮/৯/১০/১১/১২/১৩ ধারায় মামলাটি দায়ের করা হয়। মামলার এজাহার অনুযায়ী, গত ৫ জুন সকাল ৬টা ৪০ মিনিটের দিকে নলছিটি উপজেলার দপদপিয়া ইউনিয়নের খয়রাবাদ সেতুর দক্ষিণ পাশে বরিশাল-কুয়াকাটা মহাসড়কে বাংলাদেশ আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠন এবং নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নেতাকর্মীরা একটি ব্যানার নিয়ে মিছিল বের করে। মিছিলটি বিভিন্ন স্লোগান দিতে দিতে খয়রাবাদ সেতু অতিক্রম করে ঝালকাঠি প্রবেশ সীমানা গেট এলাকায় গিয়ে শেষ হয়। পুলিশ দাবি করেছে, খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছালে মিছিলকারীরা বিচ্ছিন্ন হয়ে বিভিন্ন গলি পথে পালিয়ে যায়। ঘটনাস্থলে উপস্থিত স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে এবং প্রাথমিক তদন্তে গ্রেফতারকৃত দুইজনসহ এজাহারভুক্ত ও অজ্ঞাতনামা আরও কয়েকজনের সম্পৃক্ততার বিষয়ে তথ্য পাওয়া গেছে। আদালতে দাখিল করা প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা উল্লেখ করেন, গ্রেফতারকৃত দুইজন আওয়ামী লীগের অঙ্গসংগঠনের কর্মী-সমর্থক ও দলের অর্থদাতা হিসেবে প্রাথমিকভাবে তথ্য পাওয়া গেছে। এছাড়া মামলার সুষ্ঠু তদন্ত, পলাতক আসামিদের শনাক্ত ও গ্রেফতার এবং রাষ্ট্রবিরোধী কার্যক্রমের সম্ভাবনা বিবেচনায় তাদের জেলহাজতে আটক রাখা প্রয়োজন বলে আবেদন করা হয়েছে। এ বিষয়ে নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ তৌহিদুজ্জামান সোহাগ বলেন, গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করা হয়েছে, এবং মামলার তদন্ত এখনো অব্যাহত রয়েছে।

ঝালকাঠির বুদ্ধিপ্রতিবন্ধী

শিক্ষা উপকরণ ও প্রয়োজনীয় সামগ্রী পেয়ে শিক্ষার্থী এবং অভিভাবকেরা আনন্দ প্রকাশ করেছেন এবং এই উদ্যোগের জন্য কৃতজ্ঞতা জানিয়েছেন।

চরফ্যাশনে ৫ হাজার সরকারি পাঠ্যবই

চরফ্যাশন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবুল খায়ের। স্থানীয়রা জানান, শনিবার সকাল ৭টার দিকে বন্ধ থাকা চর শশীভূষণ হোসাইনিয়া দাখিল মাদ্রাসা থেকে প্রায় পাঁচ হাজার পিস সরকারি পাঠ্যবই সরিয়ে নেওয়ার প্রস্তুতি চলছিল। বিষয়টি সন্দেহজনক মনে হলে স্থানীয়রা সেখানে গিয়ে বইগুলো আটক করেন। তাদের দাবি, ওই সময় মাদ্রাসার সুপার মাওলানা মো. ওমর ফারুক ঘটনাস্থল ত্যাগ করেন। স্থানীয়দের অভিযোগ, শিক্ষার্থীদের জন্য সরকারের বরাদ্দ দেওয়া বিনা মূল্যের পাঠ্যবই বিক্রির উদ্দেশ্যেই সেগুলো সরিয়ে নেওয়া হচ্ছিল। পরে বিষয়টি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা নির্বাহী কর্মকর্তাকে জানানো হয়। অভিযোগের বিষয়ে মাদ্রাসা সুপার মাওলানা মো. ওমর ফারুক বলেন, 'একটি শ্রেণিকক্ষ খালি করার প্রয়োজন হওয়ায় আমি ও প্রতিষ্ঠানের কর্মচারীরা বইগুলো সরানোর প্রস্তুতি নিয়েছিলাম। এগুলো ২০২৫-২০২৬ অর্থবছরের বই নয়। স্থানীয়রা ভুল বুঝে আপত্তি জানালে আমি সেখান থেকে চলে আসি।' উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবুল খায়ের বলেন, 'ঘটনাস্থল পরিদর্শনের পর বিষয়টি তদন্ত করা হচ্ছে। এ ঘটনায় মাদ্রাসা সুপারকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। তার জবাব পাওয়ার পর প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।' চরফ্যাশন উপজেলা নির্বাহী কর্মকর্তা রোমানা আফরোজ বলেন, 'স্থানীয়দের মাধ্যমে বিষয়টি জানতে পেরেছি। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে ঘটনাটি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।'

উজিরপুরে স্বাস্থ্যসেবায় নিরপেক্ষতা

নেই। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব হলো নিরপেক্ষভাবে জনগণের সেবা প্রদান করা এবং সরকারের নীতিমালা অনুসরণ করে দায়িত্ব পালন করা। তিনি দলীয় পরিচয় ব্যবহার করে সরকারি প্রতিষ্ঠানে অতিরিক্ত সুবিধা আদায়ের চেষ্টা না করার জন্য নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান। একই সঙ্গে কোনো ধরনের তদবির বা অন্যায্য অনুরোধে সাড়া না দিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরও নির্দেশ দেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. এস এম মাইদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আলী সুজা, উজিরপুর মডেল থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ রকিবুল ইসলাম, উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি এস এম আলাউদ্দিন, সাধারণ সম্পাদক মো. হুমায়ুন খান, সহ-সভাপতি মোহাম্মদ আনোয়ার হোসেন ও মো. জামাল হোসেন তালুকদার এবং যুগ্ম সাধারণ সম্পাদক সর্দার সিদ্দিকুর রহমান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন পৌর বিএনপির সভাপতি শহিদুল ইসলাম খান, সাধারণ সম্পাদক মো. রোকনুজ্জামান টুলু, সাংগঠনিক সম্পাদক মো. সোহেল হাওলাদার, উপজেলা যুবদলের সভাপতি আ ফ ম সামসুদ্দোহা আজাদ, পৌর যুবদলের আহ্বায়ক সাহাবুদ্দিন আকন সাবুসহ বিভিন্ন পর্যায়ের রাজনৈতিক ও প্রশাসনিক ব্যক্তিবর্গ। এর আগে সকালে উপজেলা প্রশাসন, সমাজসেবা কার্যালয় ও কৃষি বিভাগের যৌথ উদ্যোগে দুস্থ, অসহায় ও প্রতিবন্ধী শিশুদের মধ্যে কিডস সামগ্রী ও খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। একই অনুষ্ঠানে স্থানীয় কৃষকদের মাঝে উন্নত জাতের নারিকেল চারা বিতরণ করা হয়। এ সময় উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ কফিল বিশ্বাস, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. মোশারফ হোসেন এবং কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মো. মাহমুদুল হাসানসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বাবুগঞ্জে নিষিদ্ধ আ. লীগের

থানার আওতাভুক্ত এলাকার নয়। বাবুগঞ্জ থানা পুলিশ কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের যেকোনো ধরনের অপতৎপরতা প্রতিরোধে মাঠে কঠোর অবস্থানে রয়েছে।

প্রধান শিক্ষকের বিরুদ্ধে জালিয়াতি

সংশ্লিষ্ট সাংবাদিকদের ছাড়পত্রপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা দেওয়ার জন্য প্রধান শিক্ষককে নির্দেশ দেন। তবে প্রশাসনের এই নির্দেশনাকে তোয়াক্কা না করে প্রধান শিক্ষক সাংবাদিকদের তালিকা দিতে অস্বীকৃতি জানান। প্রশাসনের নির্দেশ অমান্য করে তিনি সম্পূর্ণ আইনবহির্ভূতভাবে নিজের কার্যক্রম চালিয়ে যাচ্ছেন বলে ক্ষোভ প্রকাশ করেছেন স্থানীয় সচেতন মহল। স্ত্রীর বিদ্যালয়েও অভিনব জালিয়াতি: অনুসন্ধানে জানা গেছে, ওই প্রধান শিক্ষকের স্ত্রী মোসলেম মাটিভাংগা স্কুল এন্ড কলেজে দীর্ঘদিন ধরে গ্রন্থাগারিক (লাইব্রেরি সায়েন্স) বিষয়ের শিক্ষক হিসেবে কর্মরত আছেন। তবে তিনি নিজে নিয়মিত প্রতিষ্ঠানে যান না। তার পরিবর্তে 'নাঈম' নামের স্থানীয় এক তরুণকে দিয়ে দীর্ঘদিন ধরে ওই প্রতিষ্ঠানে প্রক্সি ক্লাস করানো হচ্ছে। এর বিনিময়ে নাঈমকে প্রতি মাসে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা দেওয়া হয়। বিদ্যালয়ে নিজে অনুপস্থিত থেকে অন্যকে দিয়ে ক্লাস করিয়ে সরকারি বেতন-ভাতা উত্তোলন করার এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। এসব অনিয়ম ও দুর্নীতির বিষয়ে জানতে ভান্ডারিয়া উপজেলা নির্বাহী অফিসার হাসিবুল হাসান জানান, সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে বিষয়টি খতিয়ে দেখে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। আইনের ঊর্ধ্বে কেউ নয়, সরকারি নিয়মের ব্যত্যয় ঘটলে ছাড় দেওয়া হবে না। এলাকাবাসী ও ভুক্তভোগী অভিভাবকেরা শিক্ষা খাতের এই নৈরাজ্য বন্ধে এবং অভিযুক্ত শিক্ষক দম্পতির বিরুদ্ধে দ্রুত বিভাগীয় ও আইনি পদক্ষেপ নেওয়ার জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন।

ব্রিজ ভেঙে বালুভর্তি ট্রাক খালে

চর উমেদ গ্রামে এ ঘটনা ঘটে। দুর্ঘটনার পর ব্রিজটি ভেঙে যাওয়ায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছেন দুই গ্রামের কয়েক হাজার মানুষ। নিহত নাইম উপজেলার ধলীগৌনগর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মো. ফরিদের ছেলে। আর আহত আলামিন একই গ্রামের ভুট্টোর ছেলে বলে জানা গেছে। স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে জানা গেছে, মঙ্গলবার দুপুরের দিকে রমাগঞ্জ ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের চর উমেদ গ্রামের ও পার্শ্ববর্তী ধলীগৌড়নগর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের চর মোল্লাদি গ্রামের ওপর বহু বছর আগে নির্মিত আয়রন ব্রিজটির ওপর দিয়ে ট্রাকে বালু ভর্তি করে চর মোল্লাদি গ্রামের দিকে যাচ্ছিল ট্রাকটি। ব্রিজের মাঝামাঝি এলাকায় পৌঁছালে হটাৎ ভেঙে খালে পড়ে যায়। এ সময় গুরুতর আহত ট্রাকচালক ও হেলপারকে স্থানীয় বাসিন্দারা উদ্ধার করে চিকিৎসার জন্য লালমোহন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে সেখানকার কর্তব্যরত চিকিৎসক ট্রাকচালক নাইমকে মৃত ঘোষণা করেন এবং হেলপার আলামিনকে উন্নত চিকিৎসার জন্য ভোলার ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। স্থানীয় বাসিন্দা মো. আবু তাহের ও তুহিন বলেন, ব্রিজটি দীর্ঘদিন ধরেই ঝুঁকিপুর্ণ অবস্থায় ছিল, কিন্তু ট্রাকচালকের অসাবধানতায় কারণে এ দুর্ঘটনাটি ঘটেছে। লালমোহন উপজেলা শহরের সঙ্গে আমাদের যোগাযোগের সহজ মাধ্যম ব্রিজটি, এখন ভেঙে খালে পড়ে যাওয়ায় আমাদের সহজ যোগাযোগের মাধ্যমটি বন্ধ হয়ে গেছে। এ ছাড়া, উপজেলা প্রশাসনের কাছে দ্রুত আরেকটা ব্রিজের দাবিও জানান তারা। বিষয়টি নিশ্চিত করে লালমোহন থানা-পুলিশের উপপরিদর্শক নুর আমিন বলেন, গুরুতর আহত ট্রাকচালককে হাসপাতালে নেয়ার পর চিকিৎসক মৃত ঘোষণা করেছেন এবং হেলপার আলামিন চিকিৎসাধীন। বিষয়টি নিয়ে তদন্ত চলছে।

বালুবাহী জাহাজের নিচে

তার ধারণা ছিল, মুসাও বাড়িতে ফিরে গেছে। কিন্তু রাত ৯টার দিকে পরিবারের সদস্যরা মুসার খোঁজ করলে রুমি জানায়, গোসলের সময় মুসাকে পানিতে ডুব দেওয়ার পর আর ওপরে উঠতে দেখেনি। সে ভেবেছিল মুসা হয়তো অন্য দিক দিয়ে বাড়িতে চলে গেছে। খবর পেয়ে রাত সাড়ে ৯টার দিকে ছকিনা কোস্ট গার্ড ও স্থানীয় জেলে ফারুক, জামাল, বেল্লালসহ কয়েকজন জেলে খালে জাল ফেলেন। পরে রাত ১০টা ৪৫ মিনিটে এমভি ইসলাম মোল্লা নামের বালুবাহী জাহাজের নিচ থেকে মুসার মরদেহ উদ্ধার করা হয়। স্থানীয়দের ধারণা, পানির স্রোতে মুসা জাহাজের নিচে আটকে পড়ে মারা যেতে পারেন। তবে মৃত্যুর প্রকৃত কারণ ময়নাতদন্ত ও তদন্তের পর নিশ্চিত হওয়া যাবে। তালতলী নৌ পুলিশ ফাঁড়ির ইনচার্জ সাগর ভদ্র জানান, খবর পেয়ে নৌ পুলিশ ঘটনাস্থলে পৌঁছে সুরতহাল প্রতিবেদন প্রস্তুত করেছে। মরদেহ ময়নাতদন্তের জন্য বরগুনা জেনারেল হাসপাতালের মর্গে পাঠানোর প্রক্রিয়া চলছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গৌরনদীর উন্নয়ন, জনস্বার্থ ও

তুহিন উপজেলার অবকাঠামোগত উন্নয়ন, শিক্ষা, কর্মসংস্থান, সামাজিক সম্প্রীতি, যুবসমাজের সম্ভাবনা এবং সাধারণ মানুষের বিভিন্ন প্রত্যাশা ও সমস্যার বিষয়গুলো তুলে ধরেন। তিনি গৌরনদীর সামগ্রিক উন্নয়নে কার্যকর পরিকল্পনা ও জনসম্পৃক্ত উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয়তার কথাও উল্লেখ করেন। এ সময় ভিপি নুরুল হক নূর গৌরনদীর বিভিন্ন বিষয় মনোযোগ সহকারে শোনেন এবং এলাকার উন্নয়ন, জনগণের অধিকার প্রতিষ্ঠা, সুশাসন ও জনকল্যাণমূলক কার্যক্রম এগিয়ে নিতে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। একই সঙ্গে তিনি তৃণমূল পর্যায়ে জনগণের সঙ্গে আরও নিবিড় যোগাযোগ বৃদ্ধি এবং গণমুখী রাজনৈতিক কর্মকাণ্ড জোরদারের ওপর গুরুত্বারোপ করেন। আলোচনায় গণঅধিকার পরিষদের সাংগঠনিক বিস্তার, স্থানীয় পর্যায়ে জনসম্পৃক্ততা বৃদ্ধি, তরুণদের রাজনৈতিক সচেতনতা এবং গণমানুষের প্রত্যাশা বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখার বিষয়েও গুরুত্ব দেওয়া হয়। সাক্ষাৎ শেষে সোলায়মান তুহিন বলেন, গৌরনদীর উন্নয়ন, জনগণের প্রত্যাশা এবং সমসাময়িক রাজনৈতিক বাস্তবতা নিয়ে মাননীয় প্রতিমন্ত্রী ও আমাদের দলের কেন্দ্রীয় সভাপতি ভিপি নুরুল হক নূরের সঙ্গে অত্যন্ত আন্তরিক ও ফলপ্রসূ আলোচনা হয়েছে। তিনি এলাকার সার্বিক উন্নয়ন এবং গণমানুষের কল্যাণে কাজ করার বিষয়ে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা দিয়েছেন, যা আমাদের ভবিষ্যৎ কর্মকাণ্ডে সহায়ক ভূমিকা পালন করবে। তিনি আরও বলেন, গণঅধিকার পরিষদ জনগণের অধিকার, সুশাসন, জবাবদিহিতা এবং ন্যায়ভিত্তিক রাষ্ট্র প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। গৌরনদীর মানুষের আশা-আকাঙ্ক্ষা বাস্তবায়নে আমরা অতীতের মতো ভবিষ্যতেও দায়িত্বশীল ও সক্রিয় ভূমিকা পালন করতে বদ্ধপরিকর। সাক্ষাৎ শেষে সোলায়মান তুহিন ভিপি নুরুল হক নূরের সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং রাষ্ট্র ও জনগণের কল্যাণে তাঁর সফল নেতৃত্ব কামনা করেন। রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে তৃণমূল পর্যায়ের নেতাদের এ ধরনের মতবিনিময় স্থানীয় সমস্যা ও সম্ভাবনাগুলো জাতীয় পর্যায়ে তুলে ধরার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

দ্বিতীয় বিয়ে করায়

হানিফ সরদারের ছেলে ও পেশায় এক জন নির্মাণ শ্রমিক মো: হাসান সরদার (২৪) এবং তার দ্বিতীয় স্ত্রী মোসা: মীম (১৯)। পুলিশ ও স্থানীয়দের তথ্যে জানা যায়, দাম্পত্য জীবনে দীর্ঘদিনের বিরোধের কারণে মোসা. খাদিজা বেগম স্বামীর সংসার ত্যাগ করে মহিপুর সদর ইউনিয়নের পুরান মহিপুর এলাকায় বাবার বাড়িতে বসবাস করছিলেন। এ অবস্থায় চলতি বছরের ১৭ মে মো: হাসান সরদার দ্বিতীয়বার বিয়ে করেন। তার দ্বিতীয় স্ত্রী মোসা. মীম, যিনি বরগুনা জেলার তালতলী উপজেলার গাবতলী এলাকার মনির হোসেন ফকিরের মেয়ে। বিয়ের পর থেকে হাসান সরদার তার দ্বিতীয় স্ত্রীকে নিয়ে আলীপুরে নিজ বাড়িতে বসবাস করে আসছিলেন। স্বামীর দ্বিতীয় বিয়ের বিষয়টি জানার পর ক্ষোভে ফেটে পড়েন খাদিজা বেগম। অভিযোগ রয়েছে, ওই ঘটনার ধারাবাহিকতায় রোববার গভীর রাতে তিনি পূর্বপরিকল্পিতভাবে হাসান সরদারের বসতঘরের পেছনের অংশ ভেঙে ভেতরে প্রবেশ করেন। তখন ঘরের সবাই ঘুমিয়ে থাকায় সুযোগ নিয়ে তিনি ধারালো দা দিয়ে হাসান সরদার ও তার দ্বিতীয় স্ত্রী মীমের ওপর অতর্কিতভাবে হামলা চালান। আহতদের চিৎকারে আশপাশের লোকজন দ্রুত ঘটনাস্থলে ছুটে এসে তাদের উদ্ধার করে। পরে গুরুতর অবস্থায় প্রথমে কুয়াকাটা ২০ শয্যা বিশিষ্ট হাসপাতালে নেওয়া হলে সেখানে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়। তবে শারীরিক অবস্থার অবনতি ঘটায় পরবর্তীতে উন্নত চিকিৎসার জন্য তাদের পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। বর্তমানে তারা সেখানেই চিকিৎসাধীন রয়েছেন। ঘটনার সংবাদ পেয়ে মহিপুর থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হয় এবং স্থানীয়দের সহযোগিতায় অভিযুক্ত খাদিজা বেগমকে আটক করে। এ ঘটনায় আহত হাসান সরদারের মা মোসা. নুরজাহান বেগম (৬০) বাদী হয়ে থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। পরবর্তীতে ওই অভিযোগের ভিত্তিতে মহিপুর থানায় একটি মামলা রুজু করা হয়েছে। স্থানীয় একাধিক ব্যক্তি জানান, দীর্ঘদিন ধরেই ওই দম্পতির মধ্যে পারিবারিক বিরোধ চলছিল। তারা বলেন, ঘটনার রাতে হঠাৎ চিৎকার শুনে আশপাশের লোকজন ছুটে গিয়ে রক্তাক্ত অবস্থায় দু'জনকে উদ্ধার করেন। এমন ঘটনা এলাকায় আতঙ্ক সৃষ্টি করেছে বলেও জানান তারা। আরও বলেন, আমরা কখনো ভাবিনি বিষয়টি এত দূর গড়াবে। হঠাৎ করে এমন হামলার ঘটনা খুবই ভয়ংকর। আমরা চাই, এ ধরনের ঘটনার সঠিক বিচার হোক এবং এলাকায় শান্তি ফিরে আসুক। মহিপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম হাওলাদার জানান, খবর পাওয়ার পরপরই পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে অভিযুক্তকে আটক করে। তিনি বলেন, আহত দুইজন বর্তমানে চিকিৎসাধীন অবস্থায় রয়েছেন। এ ঘটনায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং গ্রেফতারকৃত ব্যক্তিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

আড়াই কোটি টাকার ওয়াটার ট্রিটমেন্ট

কথা ছিল। তবে হস্তান্তরের পর দীর্ঘ ৬ বছর পেরিয়ে গেলেও এটি একবারের জন্যও চালু করা হয়নি। পৌরবাসীর অভিযোগ, দীর্ঘদিন সচল না করায় আড়াই কোটি টাকার এই প্রকল্প এখন নষ্ট হওয়ার উপক্রম হয়েছে। স্থানীয় বাসিন্দা বশির আহমেদ বলেন, 'কাজ শুরু হওয়ার পর ভেবেছিলাম এটি চালু হলে আমাদের এলাকাসহ আশেপাশের পানির সমস্যা সমাধান হবে। কিন্তু দুঃখের বিষয়, ৬ বছর ধরে প্লান্টটি অকেজো হয়ে পড়ে রয়েছে। দীর্ঘদিন বন্ধ থাকার ফলে এর অধিকাংশ মালামালই চুরি হয়ে গেছে। আমরা দ্রুত এটি চালুর দাবি জানাচ্ছি।' স্থানীয়দের আরও অভিযোগ, পিরোজপুরে ব্যক্তিগত উদ্যোগে ৫-৬টি বাণিজ্যিক পানি শোধনাগার প্রতিষ্ঠান রয়েছে। তারা চায় না পৌরসভার এই সরকারি প্লান্টটি চালু হোক। তাই মালামাল চুরির পেছনে এবং প্লান্টটি বন্ধ রাখার পেছনে তাদের কোনো যোগসাজশ বা হাত থাকতে পারে বলে সন্দেহ করছেন স্থানীয়রা। ৩০ বর্গ কিলোমিটার আয়তনের এই পিরোজপুর পৌরসভায় লক্ষাধিক জনগণের বসবাস। গ্রীষ্ম মৌসুমে এখানে বিশুদ্ধ পানির সংকট তীব্র আকার ধারণ করে। এমন পরিস্থিতিতেও কেন প্লান্টটি চালু করা গেল না, তার ভিন্ন ব্যাখ্যা দিয়েছেন পিরোজপুর পৌরসভার নির্বাহী প্রকৌশলী ধ্রুব লাল দত্ত বণিক। পৌরসভার পক্ষ থেকে দাবি করা হয়, প্লান্টটি চালুর লক্ষ্যে ইজারা দেওয়ার চেষ্টা করা হয়েছিল। কিন্তু কয়েক দফা চেষ্টা করেও কোনো ইজারাদার না পাওয়ায় সেটি চালু করা সম্ভব হয়নি। এছাড়া তীব্র জনবল সংকটের কারণে পৌরসভা কর্তৃপক্ষ নিজ উদ্যোগেও প্লান্টটি পরিচালনা করতে পারেনি। পৌরবাসীর দাবি, সুপেয় পানির মতো মৌলিক একটি চাহিদা পূরণে প্রশাসনের এমন উদাসীনতা মেনে নেওয়া যায় না। চুরির ঘটনার সুষ্ঠু তদন্ত এবং দ্রুত জনবল বা বিকল্প উপায়ে প্লান্টটি চালু করে লক্ষাধিক মানুষের দুর্ভোগ লাঘবের জোর দাবি জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

নারী মাদককারবারিকে পুলিশে দিল ছাত্রদল

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদীতে লামিয়া আক্তার (১৯) নামের এক নারী মাদককারবারিকে গাঁজাসহ হাতেনাতে আটকের পর পুলিশে দিয়েছে ছাত্রদলের নেতাকর্মীরা। আটক মাদক কারবারি উপজেলার সালতা গ্রামের সামছুল হক বেপারির মেয়ে। মঙ্গলবার (২৩ জুন) প্রকাশ্যে মাদক বিক্রির সংবাদ পেয়ে গৌরনদী পৌরসভার টরকী বাসস্টান্ড সংলগ্ন চাতাল থেকে তাকে আটক করা হয়। উপজেলা ছাত্রদলের আহবায়ক রুবেল গোমস্তা ও পৌর ছাত্রদলের যুগ্ম আহবায়ক আব্দুর রহিম জানান, মঙ্গলবার দুপুর ১২টার দিকে ছাত্রদলের নেতাকর্মীদের নিয়ে টরকী বাসস্টান্ডে অবস্থান করছিলাম। এরইমধ্যে জানতে পারি বাসস্টান্ড সংলগ্ন চাতালের মধ্যে প্রকাশ্যে মাদক বিক্রি হচ্ছে। পরে থানা পুলিশকে খবর দেওয়ার পাশাপাশি ছাত্রদলের নেতাকর্মীদের নিয়ে মাদকের আস্তানায় হানা দেই। এসময় ছাত্রদলের নেতা-কর্মীদের দেখামাত্র মাদক ক্রেতারা খালে লাফিয়ে পড়ে পালিয়ে রক্ষা পেলেও এক তরুণী মাদককারবারিকে ২০ থেকে ২৫ পুড়িয়া গাঁজাসহ আটক করে থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়। ছাত্রদল নেতারা আরও জানান, ওই মাদক স্পটে হানা দেওয়ার পরপরই স্থানীয় একটি শক্তিশালী মাদক চক্র এসে ছাত্রদলের নেতাকর্মীদের ওপর চড়াও হয়। পরে ছাত্রদলের নেতাকর্মীরা উত্তেজিত হয়ে পড়লে মাদক চক্রটি সেখান থেকে পালিয়ে রক্ষা পায়। তবে আটক তরুণীর দাবি, মাদক ব্যবসার সঙ্গে তিনি জড়িত নয়। চাতালের পাশেই তার আত্মীয়র বাড়িতে বেড়াতে এসেছেন। গৌরনদী মডেল থানার এসআই সৌমেন জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে আটক তরুণীর কাছ থেকে ছোট ছোট ২১ পুড়িয়া গাঁজা উদ্ধার করা হয়েছে। বর্তমানে তাকে থানায় রাখা হয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের পর ওই মামলায় গ্রেপ্তার দেখিয়ে আদালতে পাঠানো হবে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ২৪ জুন ২০২৬ ॥ ১০ আষাঢ় ১৪৩৩

তারেক রহমানের সফরের মধ্যেই চীনের শীর্ষ কূটনীতিকের সঙ্গে বৈঠকে ভারত

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের চলমান চীন সফরের মধ্যেই নয়াদিল্লিতে চীনের শীর্ষ কূটনীতিক ওয়াং ইয়ের সঙ্গে বৈঠক করেছেন ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল। সোমবার (২২ জুন) ভারতের রাজধানী ৩ এর পাতায় দেখুন

হরমুজ প্রণালি তেহরানই পরিচালনা করবে: গালিবাফ

কীর্তনখোলা ডেস্ক
ইরানের পার্লামেন্টের স্পিকার ও আলোচক দলের প্রধান মোহাম্মদ বাকের গালিবাফ বলেছেন, হরমুজ প্রণালি আর আগের অবস্থায় ফিরে যাবে না। এটি আন্তর্জাতিক আইন অনুযায়ী ইরানের ব্যবস্থাপনাতেই পরিচালিত হবে। খবর ৩ এর পাতায় দেখুন

আড়াই কোটি টাকার ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট ৬ বছর ধরে তালাবদ্ধ

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর পৌরসভায় তীব্র সুপেয় পানির সংকট থাকা সত্ত্বেও আড়াই কোটি টাকা ব্যয়ে নির্মিত শহরের নামাজপুর এলাকার আধুনিক ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টটি দীর্ঘ ৬ বছর ধরে তালাবদ্ধ অবস্থায় পড়ে রয়েছে। দীর্ঘদিন বন্ধ থাকার সুযোগে প্লান্টের মূল্যবান বৈদ্যুতিক মালামাল ও বিভিন্ন যন্ত্রপাতি চুরি করে নিয়ে গেছে চোর চক্র। চুরির এই ঘটনার পর পৌর কর্তৃপক্ষ প্লান্টের গেট ঝালাই করে স্থায়ীভাবে বন্ধ করে দেওয়ায় স্থানীয়দের মাঝে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। পৌর এলাকায় বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে জাপানের সহযোগিতায় নামাজপুরে এই আধুনিক পানি শোধনাগার প্লান্টটি নির্মাণ করা হয়। ২০২০ সালে এর নির্মাণ কাজ শেষ হওয়ার পর তা পিরোজপুর পৌরসভার কাছে হস্তান্তর করা হয়েছিল। চুক্তি অনুযায়ী, পৌরসভা কর্তৃপক্ষ প্লান্টটির যথাযথ রক্ষণাবেক্ষণ নিশ্চিত করে স্থানীয় জনগণের মাঝে নিরাপদ পানি সরবরাহ করার ৩ এর পাতায় দেখুন

সাগর থেকে খালি ফিরছে একের পর এক ট্রলার

বরগুনা প্রতিনিধি
দীর্ঘ ৫৮ দিনের সরকারি নিষেধাজ্ঞা শেষে নতুন আশায় গভীর বঙ্গোপসাগরে মাছ ধরতে গেলেও কাঙ্ক্ষিত ইলিশসহ অন্যান্য সামুদ্রিক মাছের দেখা না পেয়ে চরম হতাশায় পড়েছেন বরগুনার পাথরঘাটা উপজেলার শত শত ট্রলার মালিক, হাজার হাজার জেলে, আড়তদার, পাইকার ও সংশ্লিষ্ট শ্রমিকরা। সাগর থেকে একের পর এক ট্রলার খালি বা অল্প মাছ নিয়ে ফিরছে। এতে লোকসানের মুখে পড়েছেন ট্রলার মালিক ও জেলেরা, আর বাজারে মাছের সরবরাহ কমে যাওয়ায় দ্বিগুণ বেড়েছে দাম। সরেজমিনে পাথরঘাটা বিএফডিসি মৎস্য অবতরণ কেন্দ্র ও স্থানীয় মাছের বাজার ঘুরে দেখা যায়, ১৫ এপ্রিল থেকে ১১ জুন পর্যন্ত সরকারের আরোপিত ৫৮ দিনের ৩ এর পাতায় দেখুন

কাউখালীর দুই সরকারি বিদ্যালয়ে তীব্র শিক্ষক সংকট, দ্রুত নিয়োগের দাবি

কাউখালী প্রতিনিধি
কাউখালীতে দুটি সরকারি উচ্চ বিদ্যালয়ের তীব্র শিক্ষক সংকট নিরসন এবং জরুরিভাবে প্রয়োজনীয় শিক্ষক নিয়োগের দাবিতে বিশাল মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৩ জুন) সকাল ১০টায় ছাত্র, অভিভাবক ও সচেতন

নাগরিকবৃন্দের উদ্যোগে উপজেলার সরকারি কেজি ইউনিয়ন বালক উচ্চ বিদ্যালয়ের সামনে ঘণ্টাব্যাপী এ কর্মসূচি পালিত হয়। এতে ব্যানার-ফেস্টুন হাতে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ সর্বস্তরের সাধারণ মানুষ অংশ নেন। মানববন্ধনে বক্তারা ক্ষোভ প্রকাশ করে বলেন, কাউখালী কেজি ইউনিয়ন সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে প্রায় ৩৮০ জন শিক্ষার্থী থাকলেও শিক্ষক রয়েছেন মাত্র ৪ জন। অন্যদিকে কাউখালী এস বি সরকারি বালিকা উচ্চ ৩ এর পাতায় দেখুন

বন্ধুর বিয়েতে এসে প্রাণ গেল কুয়েত প্রবাসীর

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদীতে সড়ক দুর্ঘটনায় সোহেল ফকির নামের এক যুবক নিহত হয়েছেন। মঙ্গলবার (২৩ জুন) দুপুর ১টার দিকে বরিশাল-ঢাকা মহাসড়কের গৌরনদী উপজেলার খাঞ্জাপুর বটতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত সোহেল ফকির (২৪) গৌরনদী উপজেলার খাঞ্জাপুর গ্রামের সামু ফকিরের ছেলে। তিনি ৩ এর পাতায় দেখুন

পাঁচ বছরেও চালু হয়নি কোটি টাকার পৌর মার্কেট

আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলী পৌরসভায় সরকারি অর্থে নির্মিত কোটি কোটি টাকার একাধিক পৌর মার্কেট ও স্টল পাঁচ বছর ধরে বরাদ্দহীন ও তালাবদ্ধ অবস্থায় পড়ে রয়েছে। অব্যবস্থাপনা, সিদ্ধান্তহীনতা এবং দীর্ঘসূত্রতায় এসব স্থাপনা থেকে এক টাকাও রাজস্ব আদায় করতে পারেনি পৌরসভা। উল্টো কয়েকটি ৩ এর পাতায় দেখুন

ভিপি নূরের সঙ্গে সৌজন্য সাক্ষাত

গৌরনদীর উন্নয়ন, জনস্বার্থ ও সাংগঠনিক কার্যক্রম নিয়ে আলোচনা

গৌরনদী প্রতিনিধি
গণঅধিকার পরিষদের কেন্দ্রীয় সভাপতি ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক প্রতিমন্ত্রী ভিপি নুরুল হক নূরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন গণঅধিকার পরিষদের গৌরনদী উপজেলা সভাপতি, সাংবাদিক সোলায়মান তুহিন। সোমবার (২৩ জুন) দুপুরে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এ সাক্ষাৎকালে গৌরনদী উপজেলার সার্বিক উন্নয়ন, জনস্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়, স্থানীয় সমস্যা-সম্ভাবনা এবং গণঅধিকার পরিষদের সাংগঠনিক কার্যক্রম নিয়ে বিস্তারিত মতবিনিময় হয়। সাক্ষাৎকালে সোলায়মান ৩ এর পাতায় দেখুন

দ্বিতীয় বিয়ে করায় স্বামীকে কুপিয়ে জখম

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর মহিপুর এলাকায় স্বামীর দ্বিতীয় বিয়ে মেনে নিতে না পেরে কুপিয়ে জখম করেছে প্রথম স্ত্রী পটুয়াখালীর মহিপুরে পারিবারিক কলহের জেরে প্রথম স্ত্রী তার স্বামীর দ্বিতীয় বিয়ে মেনে নিতে পেরে গভীর রাতে তিনি ঘরে প্রবেশ করে ঘুমন্ত অবস্থায় স্বামী ও তার দ্বিতীয় স্ত্রীকে ধারালো দা দিয়ে আঘাত করে গুরুতরভাবে জখম করেন। ঘটনার পর পুলিশ অভিযান চালিয়ে অভিযুক্ত প্রথম স্ত্রী মোসা: খাদিজা বেগম (২৩) কে আটক করেছে। ঘটনাটি ঘটে রোববার (২১ জুন) দিবাগত রাতে আনুমানিক সাড়ে ১১ টার দিকে। মহিপুর থানার লতাচাপলী ইউনিয়নের পূর্ব আলীপুর গ্রামের ৩ নম্বর ওয়ার্ডে এ মর্মান্তিক ঘটনা ঘটে। এ ঘটনায় আহত হয়েছেন পূর্ব আলীপুর গ্রামের বাসিন্দা, মৃত ৩ এর পাতায় দেখুন

পলিথিনে মোড়ানো নবজাতকের মরদেহ উদ্ধার

গলাচিপা প্রতিনিধি
পটুয়াখালীর গলাচিপায় পলিথিনে মোড়ানো এক নবজাতকের মরদেহ উদ্ধারকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। মঙ্গলবার (২৩ জুন) উপজেলার বাদুরাবাজার এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, বাজারসংলগ্ন একটি স্থানে পলিথিনে মোড়ানো অবস্থায় নবজাতকের মরদেহ দেখতে পান কয়েকজন পথচারী। পরে তারা বিষয়টি আশপাশের লোকজনকে জানালে মুহূর্তেই ঘটনাস্থলে উৎসুক জনতার ভিড় জমে। খবর পেয়ে স্থানীয় জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট ব্যক্তিরা ঘটনাস্থল পরিদর্শন করেন। ৩ এর পাতায় দেখুন

বাবুগঞ্জে নিষিদ্ধ আ. লীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালন ভিডিও ঘিরে আলোচনা

বাবুগঞ্জ প্রতিনিধি
বরিশালের বাবুগঞ্জে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ২৩ জুন রাত ১২টার পর কেক কেটে দিবসটি পালনের অভিযোগ উঠেছে। এ ঘটনায় সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক আলোচনা সৃষ্টি হয়েছে। অনলাইনে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, একটি নির্মাণাধীন ভবনের কক্ষে কয়েকজন নেতা-কর্মী একত্রিত হয়ে দলীয় স্লোগান দিচ্ছেন এবং কেক কাটার মাধ্যমে দিবসটি পালন করছেন। ভিডিওর বিভিন্ন অংশে উপস্থিত ব্যক্তিদের উচ্ছ্বাস প্রকাশ ও দলীয় স্লোগান দিতে দেখা যায়। ভিডিওর শেষাংশে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বাবুগঞ্জ উপজেলা শাখার সভাপতি সরদার মো. খালেদ হোসেন স্বপনের একটি বক্তব্যও সংযুক্ত রয়েছে বলে ভিডিওতে দেখা গেছে। তবে ভিডিওটি ঠিক কবে এবং কোথায় ধারণ করা হয়েছে, তা স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি। এ বিষয়ে আয়োজকদের পক্ষ থেকেও কোনো বক্তব্য পাওয়া যায়নি। এ বিষয়ে বাবুগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান হাওলাদার বলেন, ভিডিওটি বাবুগঞ্জ ৩ এর পাতায় দেখুন

নলছিটিতে আ.লীগের অর্থদাতা মামুনসহ গ্রেফতার দুই

নলছিটি প্রতিনিধি
ঝালকাঠির নলছিটিতে সন্ত্রাসবিরোধী আইনে দায়ের করা একটি মামলায় তদন্তে সন্দিগ্ধ আ'লীগের অর্থ দাতা হিসেবে দুইজনকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার (২৩ জুন) রাত ১টা ৩৫ মিনিটে নলছিটি উপজেলার দপদপিয়া ইউনিয়নের জিরোপয়েন্ট এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। পরে প্রয়োজনীয় পুলিশ প্রহরায় তাদের বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ৩ এর পাতায় দেখুন

উজিরপুরে স্বাস্থ্যসেবায় নিরপেক্ষতা নিশ্চিতের আহ্বান এমপি সান্টুর

উজিরপুর প্রতিনিধি
সরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলোকে রাজনৈতিক প্রভাবমুক্ত রেখে জনগণের জন্য সমান সেবা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছেন বরিশাল-২ (উজিরপুর-বানারীপাড়া) আসনের সংসদ সদস্য এস সরফুদ্দিন আহমেদ সান্টু। মঙ্গলবার (২৩ জুন) উজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নবসংযোজিত আধুনিক জেনারেটরের উদ্বোধন এবং জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন উপলক্ষে আয়োজিত অবহিতকরণ ও পরিকল্পনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। এমপি সান্টু বলেন, দেশের সাধারণ মানুষ হাসপাতাল ও স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে চিকিৎসা নিতে আসেন। সেখানে রাজনৈতিক পরিচয় বা প্রভাবের কোনো স্থান ৩ এর পাতায় দেখুন

নিহত এক, আহত এক

ব্রিজ ভেঙে বালুভর্তি ট্রাক খালে দুই গ্রামের যোগাযোগ বিচ্ছিন্ন

লালমোহন প্রতিনিধি
ভোলার লালমোহনে বালুভর্তি ট্রাক নিয়ে একটি পুরোনো আয়রন ব্রিজ ভেঙে খালে পড়েছে। এ ঘটনায় ট্রাকচালক মো. নাঈম নিহত হয়েছেন। এ ছাড়া, গুরুতর আহত হেলপার আলামিনকে (১৪) উন্নত চিকিৎসার জন্য ভোলা জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে। সোমবার (২৩ জুন) দুপুর আনুমানিক সোয়া ১টার দিকে উপজেলার রমাগঞ্জ ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের ৩ এর পাতায় দেখুন

বালুবাহী জাহাজের নিচে আটকে থাকা কিশোরের মরদেহ উদ্ধার

তালতলী প্রতিনিধি
বরগুনার তালতলী উপজেলার সোনাকাটা ইউনিয়নের ইদুপাড়া গ্রামের ছকিনা খাল এলাকা থেকে বালুবাহী জাহাজের নিচে আটকে থাকা এক কিশোরের মরদেহ উদ্ধার করেছেন স্থানীয় জেলেরা। মঙ্গলবার (২৩ জুন) দিবাগত রাত ১০টা ৪৫ মিনিটে এমভি ইসলাম মোল্লা নামের একটি বালুবাহী জাহাজের নিচ থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। নিহত মুসা (১৭) উপজেলার নিদ্রার চর ২ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। তিনি চান মিয়া ও পাখি বেগমের ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, গতকাল মঙ্গলবার সকাল ১১টার দিকে মুসা ইদুপাড়া গ্রামের শিশু জালাল উদ্দিন রুমি (৬)-এর সঙ্গে সোনাকাটা ইউনিয়নের ছকিনা খালে গোসল করতে নামে। কিছুক্ষণ পর রুমি বাড়ি ফিরে যায়। ৩ এর পাতায় দেখুন

প্রধান শিক্ষকের বিরুদ্ধে জালিয়াতি ও স্ত্রীর বিরুদ্ধে প্রক্সি শিক্ষক দিয়ে ক্লাস করানোর অভিযোগ

ভান্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুর জেলার ভান্ডারিয়া থানা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে শিক্ষার্থীদের ছাড়পত্র (টিসি) দেওয়ার নামে অবৈধভাবে অর্থ হাতিয়ে নেওয়া এবং নথিপত্রে তারিখ জালিয়াতির গুরুতর অভিযোগ উঠেছে। একই সাথে তার স্ত্রীর বিরুদ্ধেও কর্মস্থলে উপস্থিত না থেকে টাকার বিনিময়ে 'প্রক্সি' শিক্ষক দিয়ে ক্লাস করানোর চাঞ্চল্যকর তথ্য পাওয়া গেছে। স্থানীয় ও ভুক্তভোগী সূত্রে জানা গেছে, চলতি ২০২৬ সালের জুন মাসে শিক্ষার্থীদের ছাড়পত্র দেওয়া হলেও প্রধান শিক্ষক নথিপত্র ও ছাড়পত্রে পেছনের তারিখ (২৩-১২-২০২৫) ব্যবহার করছেন। ছাড়পত্র দেওয়ার নামে তিনি নিয়মবহির্ভূতভাবে শিক্ষার্থীদের কাছ থেকে বিপুল অঙ্কের টাকা হাতিয়ে নিচ্ছেন বলে অভিযোগ উঠেছে। এ বিষয়ে ভান্ডারিয়া উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোঃ হাসিবুল হাসান ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠির বুদ্ধিপ্রতিবন্ধী বিদ্যালয়ে শিক্ষা উপকরণ বিতরণ

ঝালকাঠি প্রতিনিধি
প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদা) ড. এস এম জিয়াউদ্দিন হায়দারের উদ্যোগে ঝালকাঠির সুইড বাংলাদেশ বুদ্ধিপ্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বিভিন্ন শিক্ষা উপকরণ, থেরাপি ও খেলার সামগ্রী বিতরণ করা হয়েছে। মঙ্গলবার দুপুরে ড. এস এম জিয়াউদ্দিন হায়দারের পক্ষে বিদ্যালয়ের কর্তৃপক্ষের হাতে এসব সামগ্রী তুলে দেন আবু তাহের লিটন আকন। এ সময় ঝালকাঠি প্রেসক্লাবের সভাপতি অ্যাডভোকেট মো. আককাস সিকদার, সাধারণ সম্পাদক আ স ম মাহমুদুর রহমান, আইনজীবী মুন্সি রেজাউল হক আজিম এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক লুৎফুন্নেছাসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। আয়োজকেরা আশা প্রকাশ করেন, এ ধরনের সহায়তা বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের লেখাপড়ার প্রতি আগ্রহ বাড়াতে এবং তাদের আত্মবিশ্বাস গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। পাশাপাশি এই শিশুদের শিক্ষা ও মানবিক বিকাশে সমাজের বিত্তবান ও সচেতন মানুষদের আরও বেশি এগিয়ে আসার আহ্বান জানান তাঁরা।
৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে ৫ হাজার সরকারি পাঠ্যবই বিক্রির চেষ্টা, মাদ্রাসা সুপারকে শোকজ

চরফ্যাশন প্রতিনিধি
ভোলার চরফ্যাশনে চর শশীভূষণ হোসাইনিয়া দাখিল মাদ্রাসার প্রায় পাঁচ হাজার পিস সরকারি পাঠ্যবই বিক্রির চেষ্টার অভিযোগে প্রতিষ্ঠানটির তত্ত্বাবধায়ক (সুপার) মাওলানা মো. ওমর ফারুককে কারণ দর্শানোর নোটিশ (শোকজ) দিয়েছে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস। নোটিশে আগামী তিন কর্মদিবসের মধ্যে জবাব দাখিল করতে বলা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling. Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com